প্রকাশিকা :—
এন্ মুখার্জী,
১৭৯ এ, আপার সারকুলার রোড,
কলিকাতা-৪

শ্রাবণ—১৩৬৭

মুদ্রাকর—
শ্রীরমেন্দ্রচন্দ্র রায়
প্রিণ্টস্মিথ
১১৬, বিবেকানন্দ রোড,
কলিকাতা-৬

ভূমিকা

বঙ্গদেশে নব্যন্যায়দর্শন-পাঠার্থিগণের জন্য যে সকল প্রথমপাঠ্য গ্রন্থ নির্দ্দিষ্ট আছে, তন্মধ্যে 'ভাষাপরিচ্ছেদ' গ্রন্থখানিই প্রধান। এই গ্রন্থখানি প্রশস্তপাদ-মুনিকৃত বৈশেষিক সূত্রের ভাষ্য অবলম্বনে বিরচিত হইলেও ইহাতে ন্যায়-দর্শনের মত পরিগৃহীত হইয়াছে। মহামহোপাধ্যায় বিশ্বনাথ ন্যায়পঞ্চানন ভট্টাচার্য্য মহোদয় ইহার রচয়িতা। গ্রন্থকার স্বীয় গ্রন্থের যে টীকা লিখিয়া গিয়াছেন তাহা 'সিদ্ধান্তমুক্তাবলী' নামে খ্যাত। 'সিদ্ধান্তমুক্তাবলী' টীকায় ন্যায়শাস্ত্র-সম্বন্ধীয় বিবিধ গ্রন্থের অভিমত ও সিদ্ধান্ত দেখিতে পাওয়া যায়। এই গ্রন্থপাঠে স্পষ্টতই প্রতীয়মান হয়—যে নব্যন্যায় বঙ্গদেশের গৌরব বৃদ্ধি করিয়াছে, সেই নব্যন্যায়ে ন্যায়পঞ্চানন বিশ্বনাথ ভট্টাচার্য্য মহোদয়ের যথেষ্ট অভিজ্ঞতা ছিল। কিন্তু কেবল ভাষাপরিচ্ছেদ গ্রন্থখানি পাঠ করিলে বিশ্বনাথের জ্ঞানগভীরতার বিশিষ্ট প্রমাণ পাওয়া যায় না। ফলতঃ সিদ্ধান্তমুক্তাবলীতে প্রাচীন নব্য ন্যায়ের এবং বৈশেষিকদর্শনের বহুল উক্তির ব্যাখ্যা ও সিদ্ধান্ত ঘনীভূতভাবে সন্নিবিষ্ট করা হইয়াছে। ভাষাপরিচ্ছেদের কথা বলিতে হইলেই সিদ্ধান্তমুক্তাবলীর কথা বলিতে হয়, নতুবা ভাষাপরিচ্ছেদের বিবরণ অসম্পূর্ণ থাকে;

গ্রন্থসম্বন্ধে কোন কথা জানিবার পূর্ব্বে গ্রন্থকারসম্বন্ধে কিছু কিছু বিবরণ-জ্ঞানলাভের কৌতূহল হওয়া পাঠকমাত্রেরই স্বাভাবিক। কিন্তু দুঃখের বিষয় এই যে, এই কৌতূহল চরিতার্থ করার বিশিষ্ট উপায় দেখা যায় না। গ্রন্থকারের জীবনবৃত্ত রচনার উপাদান একেবারেই পরিলক্ষিত হয় না। সিদ্ধান্তমুক্তাবলীতে গ্রন্থকার নিজ পরিচয় সম্বন্ধে দুইটীমাত্র উক্তি করিয়াছেন। তাঁহার প্রথম কথা এই যে, তিনি শ্রীমদ্ বিদ্যানিবাসভট্টাচার্য্যের পুত্র *। দ্বিতীয় কথা—তিনি রাজীব নামক কোন এক ব্যক্তির প্রতি কৃপাবান হইয়া এই গ্রন্থ রচনা করিয়াছেন। এতদ্ব্যতীত ভাষাপরিচ্ছেদে অথবা সিদ্ধান্তমুক্তাবলীতে গ্রন্থকারের আর কোনও পরিচয় পাওয়া যায় না। ভারতবর্ষে কোন্ প্রদেশে কোন্ সময়ে ইহার জন্ম হয় তাহা বিনির্ণয় করার কোনও সুষ্ঠু প্রমাণ দৃষ্ট হয় না। কেহ কেহ বলেন—ইনি বাঙ্গালী ছিলেন, আবার অপর কেহ বলেন—মহারাষ্ট্র প্রদেশেই

* ইতি শ্রীমহামহোপাধ্যায় বিদ্যানিবাস-ভট্টাচার্য্যপুত্র-বিশ্বনাথন্যায়পঞ্চানন-ভট্টাচার্য্য-বিরোচিতো ভাষাপরিচ্ছেদঃ সমাপ্তঃ।

তাঁহার জন্মস্থান। প্রথমপক্ষাবলম্বীদের প্রথম যুক্তি এই যে, এই গ্রন্থখানি বঙ্গদেশে যেরূপ প্রচলিত, অন্যত্র সেরূপ ইহার প্রচলন নাই। দ্বিতীয় যুক্তি—ভট্টাচার্য্য ন্যায়পঞ্চানন প্রভৃতি উপাধি বঙ্গদেশেই পরিলক্ষিত হয়, অপর দেশে এই উপাধি দৃষ্ট হয় না। তৃতীয় যুক্তি—'রাজীব' এইটি বাঙ্গালীর নাম, অপর দেশে এইরূপ নামের বড় প্রচলন নাই। *

দ্বিতীয় পক্ষের যুক্তি এই যে, সিদ্ধান্তমুক্তাবলীর দিনকরী ও রামরুদ্রী নামে দুইখানি টীকাগ্রন্থ প্রচলিত আছে, সেই দুই টীকাকার সম্ভবতঃ মহারাষ্ট্র-দেশবাসী। ভট্ট বাঙ্গালীর উপাধি বলিয়া মনে হয় না। মহারাষ্ট্রদেশীয় গ্রন্থকারের গ্রন্থ মহারাষ্ট্রদেশীয় পণ্ডিতদিগের দ্বারাই ব্যাখ্যাত হইয়াছে।

যাহা হউক, এই সকল যুক্তি-অবলম্বনে কোনরূপ সিদ্ধান্ত স্থাপন করা সুসঙ্গত হয় না। বঙ্গদেশেও ভট্ট উপাধি বিরল নহে। সুতরাং এরূপ গবেষণার কোনও সার্থকতা নাই। রাজীব-সম্বন্ধে একটি প্রশ্ন এই যে, রাজীবের প্রতি কৃপাপরবশ হইয়া পরমকারুণিক গ্রন্থকার এই গ্রন্থ রচনা করিলেন, সেই রাজীব কে? টীকাকার রামরুদ্র বলেন—রাজীব গ্রন্থকারের শিষ্য। আবার কেহ কেহ বলেন—রাজীব গ্রন্থকারের পৌত্র। এ সম্বন্ধে একটি শ্লোকও কোন কোন ভাষাপরিচ্ছেদ পুস্তকে দেখিতে পাওয়া যায়। তদ্‌যথা—

"ইতি ভাষাপরিচ্ছেদো গ্রন্থঃ সম্পূর্ণতাং গতঃ।
রচিতো বিশ্বনাথেন স্বপৌত্রহিতকাম্যয়া ॥"

গ্রন্থকারের বংশপরিচয় সম্বন্ধে এই গ্রন্থে আর কিছুই উল্লিখিত নাই। কিন্তু বিশ্বনাথ ভট্টাচার্য্য যে কৃষ্ণভক্ত বৈষ্ণব ছিলেন, তাহা তৎকৃত অভীষ্টদেবের নমস্কার শ্লোকপাঠেই জানা যায়। যথা—

"নূতনজলধররুচয়ে গোপবধূটীদুকূলচৌরায়।
তস্মৈ নমঃ কৃষ্ণায় সংসারমহীরুহস্য বীজায় ॥"

গ্রন্থকারের পরিচয়সম্বন্ধে কোন প্রকার মনঃকল্পিত বাগাড়ম্বর দ্বারা ভূমিকার কলেবর প্রবর্দ্ধন বাঞ্ছনীয় নহে। সুতরাং এ সম্বন্ধে আমরা আর কোনও কথা বলিতে চাহি না।

এক্ষণে গ্রন্থসম্বন্ধে দুই একটা কথা বলিবার ইচ্ছা আছে। ভাষাপরিচ্ছেদ ক্ষুদ্র কারিকাগ্রন্থ, ইহাতে সন্নিবিষ্ট শ্লোকের সংখ্যা ১৬৮টি। অধিকাংশ শ্লোকই অনুষ্টুপ ছন্দে বিরচিত। এতদ্ব্যতীত কতিপয় আর্য্যাচ্ছন্দের এবং উপজাতি-

* নিজনির্ম্মিতকারিকাবলী-মতিসংক্ষিপ্তচিরন্তনোক্তিভিঃ
বিশদীকরবাণি কৌতুকাৎ নম্বু রাজীবদয়াবশংবদঃ ॥

ছন্দের শ্লোকও দৃষ্ট হয়। বৈশেষিকদর্শনের পদার্থবলীই এই গ্রন্থের আলোচ্য-পদার্থরূপে গৃহীত হইয়াছে। ফলতঃ বৈশেষিকনিবন্ধকার শ্রীমৎ প্রশস্ত-পাদাচার্য্যের 'পদার্থসংগ্রহ' গ্রন্থাবলম্বনেই ভাষাপরিচ্ছেদ বিরচিত হইয়াছে। প্রশস্তপাদমুনির 'পদার্থসংগ্রহ' গ্রন্থখানিকেই কেহ কেহ কণাদসূত্রের ভাষ্য বলিয়া মনে করেন। কিন্তু আমরা ইহাতে ভাষ্যের পূর্ণ লক্ষণ দেখিতে পাই না। বৈশেষিক নিবন্ধের মধ্যে এই গ্রন্থখানি অতি প্রাচীন। ব্রহ্মসূত্রের ভাষ্যে শ্রীমৎ শঙ্করাচার্য্য "লঙ্কেশ্বর রাবণ ভাষ্য" নামে কণাদসূত্রের একখানি প্রাচীনতম ভাষ্যের নাম উল্লেখ করিয়াছেন। এক্ষণে সেই গ্রন্থখানি আর পরিদৃষ্ট হয় না। যাহা হউক প্রশস্তপাদাচার্য্যের গ্রন্থখানি পাঠ করিয়া 'ভাষাপরিচ্ছেদ' পাঠ করিতে প্রবৃত্ত হইলে স্পষ্টতই অনুমতি হইবে যে, এই গ্রন্থখানি উক্ত পদার্থ-সংগ্রহগ্রন্থ অবলম্বনেই বিরচিত। কিন্তু সিদ্ধান্তমুক্তাবলীতে গ্রন্থকার মহাশয় ন্যায়শাস্ত্রের বিচার ও সিদ্ধান্তের যে সকল সমুজ্জ্বল আলোকরেখা বিকীর্ণ করিয়া রাখিয়াছেন, তৎপাঠে তাঁহার পাণ্ডিত্যময়ী বিপুলগবেষণার ভূয়সী প্রশংসা না করিয়া থাকা যায় না। এতদ্ব্যতীত ন্যায়তন্ত্রবোধিনী, ন্যায়সূত্রবৃত্তি, পদার্থ-তত্ত্বাবলোক এবং সুবর্ণতত্ত্বাবলোক নামে তাঁহার প্রণীত আরও কয়েকখানি গ্রন্থ আছে বলিয়া জানা যায়। এই বিশ্বনাথ ন্যায়পঞ্চানন ব্যতীত ন্যায়দর্শনসম্বন্ধীয় গ্রন্থকারগণের মধ্যে আরও দুইজন বিশ্বনাথের নাম দেখিতে পাওয়া যায়। এক বিশ্বনাথ—'তত্ত্বচিন্তামণি' নামক শব্দখণ্ডের টীকাকার এবং 'তর্কতরঙ্গিণী' ও 'তর্কসংগ্রহ' টীকাগ্রন্থের প্রণেতা। অপরের নাম বিশ্বনাথ ভট্ট ইনি গণেশকৃত তত্ত্বপ্রবোধিনীর ন্যায়বিলাসনামক টীকা গ্রন্থের প্রণেতা।

ভাষাপরিচ্ছেদ ও তট্টীকা সিদ্ধান্তমুক্তাবলীর আলোচ্য বিষয়ের এক সংক্ষিপ্ত তালিকা (সূচীপত্র) এই প্রবন্ধের পরে প্রদর্শিত হইবে। ভাষাপরিচ্ছেদের শ্লোকে ঐ বিষয়গুলি সামান্যভাবে আলোচিত হইয়াছে। সংস্কৃতভাষায় সাধারণ জ্ঞান থাকিলেও ভাষাপরিচ্ছদের অর্থজ্ঞান হয়, কিন্তু নৈয়ায়িকগণ এই সকল বিষয়ের যে প্রগাঢ় আলোচনা করিয়াছেন, তাহাতে ন্যায়দর্শনের ভাষা জনসাধারণের পক্ষে একান্ত দুর্ব্বোধ হইয়া উঠিয়াছে। সিদ্ধান্তমুক্তাবলীর যে সকল স্থানবিশেষে নব্যন্যায়ের জটিল ভাষার প্রাচুর্য্য পরিলক্ষিত হয় সেই সকল স্থলের অর্থ গুরূপদেশ ব্যতীত হৃদয়ঙ্গম হয় না। এতদ্ব্যতীত সিদ্ধান্তমুক্তাবলীতে প্রাচীন ও নব্য-ন্যায়ের বহু সিদ্ধান্ত সন্নিবেশিত হইয়াছে। ভাষাপরিচ্ছেদে যে সকল বিষয়ের আলোচনা করা হইয়াছে, তাহাতে সুস্পষ্টই প্রতীয়মান হয় যে, বহুকাল পূর্ব্ব হইতেই বৈশেষিকদর্শন ও ন্যায়দর্শনের পদার্থনিচয় মিশ্রিত রূপে [illegible]

হইত। আর ন্যায়দর্শন ও বৈশেষিকদর্শনের সম্বন্ধ যে অতি ঘনিষ্ঠ, বহুকাল পূর্ব্ব হইতেই ইহা স্বীকৃত হইয়াছিল। কোনসময়ে ন্যায়দর্শনের ও বৈশেষিক দর্শনের পৃথক্ পৃথক্ সিদ্ধান্ত-সরিৎ গঙ্গাযমুনার ন্যায় একত্র সম্মিলিত হইয়া তর্কশাস্ত্রসাগরের অভিমুখে প্রধাবিত হয়, তাহার বিস্তৃত ইতিহাস সঙ্কলন প্রগাঢ় পাণ্ডিত্য, গভীর গবেষণা ও বিপুল পরিশ্রমসাপেক্ষ।

ন্যায় ও বৈশেষিকদর্শনের পদার্থ বিভিন্ন। ন্যায়সূত্রকার মহর্ষি গৌতম ষোড়শ পদার্থের উল্লেখ করিয়াছেন। তদ্‌যথা—প্রমাণ, প্রমেয়, সংশয়, প্রয়োজন, দৃষ্টান্ত, সিদ্ধান্ত, অবয়ব, তর্ক, নির্ণয়, বাদ, জল্প, বিতণ্ডা, হেত্বাভাস, ছল, জাতি ও নিগ্রহস্থান এই ষোড়শ পদার্থের তত্ত্বজ্ঞান হইতেই মুক্তিলাভ হয়। কিন্তু বৈশেষিক সূত্রকার মহর্ষি কণাদের মতে পদার্থ ছয়টি, যথা– দ্রব্য, গুণ, কর্ম্ম, সামান্য, বিশেষ ও সমবায়। প্রাচীন বৈশেষিকাচার্য্যগণ বলেন, অভাব পদার্থও ভগবান্ সূত্রকারের স্বীকৃত। তিনি যে স্বপ্রণীত সূত্রে ষট্ পদার্থের কীর্ত্তন করিয়াছেন, তাহা কেবল ভাবাভিপ্রায়মূলক, অর্থাৎ তিনি প্রাধান্যনিবন্ধন কেবল ভাব পদার্থের উল্লেখ করিয়াছেন। বস্তুতঃ অভাবকে তিনি স্বতন্ত্র পদার্থ বলিয়া স্বীকার করিয়াছেন। কণাদসূত্রের প্রথম অধ্যায়ের দ্বিতীয় আহ্নিকের প্রথম সূত্র এই যে—

"কারণাভাবাৎ কার্য্যাভাবঃ।"

এখানে সূত্রকার স্পষ্টতই অভাব পদার্থ স্বীকার করিয়াছেন। আবার নবম অধ্যায়ের প্রথম আহ্নিকের প্রথম সূত্রেও অভাব পদার্থ স্বীকৃত হইয়াছে, তদ্‌যথা :—

"ক্রিয়াগুণর্দ্রব্যব্যপদেশাভাবাৎ প্রাগসৎ।"

এরূপ অভাবের উল্লেখ দেখিয়া "ন্যায়লীলাবতী" কার বল্লভাচার্য্য লিখিয়াছেন—"অভাবশ্চ বক্তব্যো নিঃশ্রেয়সোপযোগিত্বাৎ ভাবপ্রপঞ্চবৎ কারণাভাবেন কার্য্যাভাবস্য সর্ব্বসিদ্ধস্যাত্যুপযোগিত্বসিদ্ধেঃ।।" স্বর্গীয় জয়নারায়ণ তর্কপঞ্চানন মহাশয় তৎপ্রণীত কণাদসূত্রবিবৃতি গ্রন্থে এই অভিপ্রায় প্রকাশ করিয়াছেন।

"দ্রব্যকিরণাবলী" গ্রন্থকারও তদীয় গ্রন্থে লিখিয়াছেন—"এতে চ পদার্থাঃ প্রধানতয়োদ্দিষ্টা অভাবস্তু স্বরূপবানপি নোদ্দিষ্টঃ প্রতিযোগিনিরূপণাধীন-নিরূপণত্বাৎ, নতু তুচ্ছত্বাৎ"।

ফলতঃ অভাবের যখন উপলব্ধি আছে, তখন অভাবও পদার্থ বলিয়া স্বীকৃত না হইবে কেন? সূত্রকারের পরবর্ত্তী বৈশেষিক আচার্য্যগণের প্রায় সকলেই

অভাব পদার্থ অঙ্গীকার করিয়াছেন। কিন্তু তুতাত ভট্টমতানুযায়িগণ দ্রব্য, গুণ, কর্ম্ম ও সামান্য এই চারি পদার্থমাত্র স্বীকার করেন। আবার অপরপক্ষ গুরু-সম্প্রদায়ীরা দ্রব্য, গুণ, কর্ম্ম, সামান্য, সংখ্যা সমবায়, সাদৃশ্য ও শক্তি এই আট পদার্থ স্বীকার করেন। দীধিতিকার শ্রীল-রঘুনাথশিরোমণি পদার্থতত্ত্বনিরূপণ-প্রকরণে মহর্ষিকণাদপ্রোক্ত কতিপয় পদার্থের খণ্ডন করিয়াছেন এবং কণাদের অনুক্ত কয়েকটি অতিরিক্ত পদার্থের অঙ্গীকার করিয়াছেন। এই সংক্ষিপ্ত ভূমিকায় তৎসম্বন্ধে আলোচনার স্থানাভাব। ন্যায় ও বৈশেষিক দর্শনের পদার্থ আপাতদৃষ্টিতে ভিন্নবৎ প্রতীয়মান হইলেও আচার্য্যগণ এই দর্শনদ্বয়ে উল্লিখিত পদার্থনিচয়ের সমন্বয় করিয়াছেন।

ভাষাপরিচ্ছেদকার স্বপ্রণীত টীকায় বৈশেষিকদর্শনোক্ত সপ্ত পদার্থের উল্লেখ করিয়া লিখিয়াছেন :—

"এতে চ পদার্থা বৈশেষিকে প্রসিদ্ধা নৈয়ায়িকানামপ্যবিরুদ্ধাঃ, প্রতিপাদি-তঞ্চৈবমেব ভাষ্যে।"

অর্থাৎ দ্রব্য, গুণ, কর্ম্ম, সামান্য, বিশেষ, সমবায় ও অভাব এই সাতটিই বৈশেষিকদর্শনে পদার্থ বলিয়া প্রসিদ্ধ, নৈয়ায়িকগণও এই সপ্তপদার্থ স্বীকার করেন। ভাষ্যেও এই প্রকারই প্রদর্শিত হইয়াছে। তদ্‌যথা :—

"দ্রব্যগুণকর্ম্মসামান্যবিশেষসমবায়াভাবাঃ সপ্তৈব পদার্থাঃ ষোড়শানামত্রৈ-বান্তর্ভাবাৎ।"

পূর্ব্বোক্ত দ্রব্যাদি অভাবান্ত এই সাতটিই পদার্থ, দর্শনান্তরোক্ত ষোড়শ পদার্থও এই দ্রব্যাদি সপ্ত পদার্থেরই অন্তর্ভূত। সেই অন্তর্ভাব এইরূপে, যথা—

দ্রব্যে—প্রত্যক্ষ, প্রমাণ ও আত্মশরীরেন্দ্রিয় মনোরূপ প্রমেয়সমূহ। গুণে—অনুমান, উপমান, শব্দ, রূপাদি, বুদ্ধি, প্রবৃত্তি, যত্ন, রাগ, দ্বেষ, ভ্রমাত্মক মোহরূপ, দোষ, শরীরসংযোগরূপ প্রেত্যভাব, সুখদুঃখভোগাত্মক ফল, সুখ, দুঃখ, সংশয়, সিদ্ধান্ত, অবয়ব, তর্ক, নির্ণয, বাদ, জল্প, বিতণ্ডা, ছল, জাতি, প্রতিজ্ঞাহানি, প্রতিজ্ঞান্তর, প্রতিজ্ঞাবিরোধ, প্রতিজ্ঞাসন্ন্যাস, হেত্বন্তর, অর্থান্তর ইত্যাদি নিগ্রহ-স্থান শব্দগুণেরই অন্তর্ভূত। ন্যায়দর্শনোক্ত এই সকল পদার্থ শব্দেরই ভিন্ন ভিন্ন রূপবিশেষ। সুতরাং

ন্যায়দর্শনের অধিকাংশ পদার্থই বৈশেষিকগণ গুণপদার্থের অন্তর্ভূত করিয়া লইয়াছেন।

অভাবে—আত্যন্তিকদুঃখ ধ্বংসরূপ অপবর্গ। প্রয়োজন, দৃষ্টান্ত ও হেত্বাভাস অবস্থাবিশেষে দ্রব্য, গুণ, কর্ম্ম ও অভাবপ্রভৃতির অন্তর্ভুক্ত হইয়া থাকে।

ন্যায় ও বৈশেষিকদর্শনের পদার্থাবলী এইরূপে সম্মিলিত হওয়াতে নব্যন্যায়ের কলেবর ভিন্ন আকার ধারণ করিয়াছে।

ব্যাপ্তি, হেত্বাভাস, পক্ষতা উপাধি, উপমিত ও শব্দপ্রভৃতি বিষয়গুলি ন্যায়দর্শন হইতে গৃহীত। এই সকল বিষয় বৈশেষিক দর্শনের আলোচ্য নহে। 'বিশেষ' পদার্থ স্বীকারই বৈশেষিক দর্শনের এক প্রধানতম বৈশিষ্ট্য। মহর্ষি কণাদ বলেন :—

"অন্যত্রান্ত্যেভ্যো বিশেষেভ্যঃ।" (বৈঃ দঃ ২।২।৬ সূত্র)

বিশেষ কেবল একৈক পরমাণুতে থাকে। এক পরমাণু হইতে অপর পরমাণু পৃথক্। বিশেষই উহার কারণ। মহর্ষি কণাদ জাগতিক পদার্থের অনন্ত বিভেদ প্রত্যক্ষ করিয়া বিশেষ পদার্থ স্বীকার করিয়াছেন। একমাত্র এই বিশেষ পদার্থ স্বীকৃত হওয়াতেই কণাদসূত্র বৈশিষিকদর্শন নামে খ্যাত হইয়াছে। কৌমারিল ও প্রাভাকরগণ বিশেষ পদার্থ স্বীকার করেন না। বিশেষ পদার্থবাদ ও দ্ব্যণুকাদি সংযোগক্রমে এই বিশাল বিশ্বব্রহ্মাণ্ডের উৎপত্তি প্রক্রিয়া বৈশেষিকগণেরই সিদ্ধান্তিত বিষয়। এই গ্রন্থে এতৎসম্বন্ধে যাহা আলোচিত হইয়াছে, তাহা খাঁটি বৈশেষিক। কিন্তু গুণ, গুণিবাদ, অবয়বাবয়বিবাদ, পরমাণুকারণবাদ ও আত্মবিচার এই বিষয় উপলক্ষ্য করিয়া সাংখ্য, বেদান্ত ও বিজ্ঞানবাদনিরাস প্রভৃতি বিষয়গুলি ন্যায় ও বৈশেষিক দর্শনেই পরিলক্ষিত হয়।

ন্যায় ও বৈশেষিকদর্শনের পরবর্ত্তী আচার্য্যগণ যে সকল অভিনব অভিপ্রায় সংযোজন করিয়াছেন, বিশ্বনাথ স্বীয় গ্রন্থে সেই সকল সিদ্ধান্তের সকল কথা সন্নিবেশিত করিয়াছেন। প্রত্যক্ষের হেতুকরণ ও ব্যাপারের নির্ব্বাচন স্থলে বিশ্বনাথ ষড়্বিধ সংযোগ, সংযুক্তসমবায়, সংযুক্তসমবেতসমবায়াদিকে ব্যাপার বলিয়া নির্দ্দিষ্ট করিয়াছেন। ন্যায়সূত্রে বা গৌতমসূত্রে ইহার অভাব নাই। প্রশস্তপাদাচার্য্যের "পদার্থতত্ত্বসংগ্রহ" গ্রন্থখানিও বৈশেষিক দর্শনের অতিপ্রাচীন বিবৃতি বা ভাষ্য ; ইহাতেও এই সিদ্ধান্তের কোনও উল্লেখ নাই। দিক্‌কালের যে পৃথক্‌ভাবে জ্ঞানের কারণতা আছে, বিশ্বনাথ তাহা স্বীকার করেন নাই। তাঁহার মতে মহত্ত্বই ষড়্বিধ প্রত্যক্ষের কারণ। কিন্তু সুপ্রসিদ্ধ কন্দলীকার দিক্‌কালের পৃথক্ ভাবে জ্ঞানের কারণতা স্বীকার করিয়াছেন। ভাষাপরিচ্ছেদে ত্রিবিধ অলৌকিক সন্নিকর্ষের উল্লেখ আছে, কিন্তু বৈশেষিকসূত্রে বা উহার ভাষ্যে যোগজ সন্নিকর্ষ ভিন্ন অপর কোনপ্রকার সন্নিকর্ষের উল্লেখ নাই। জরন্নৈয়ায়িকের গ্রন্থ অতিপ্রসিদ্ধ, তাহাতে ত্রিবিধ অলৌকিক সন্নিকর্ষের কোনও উল্লেখ দেখিতে পাওয়া যায় না। পরবর্ত্তী ন্যায়াচার্য্যগণের গ্রন্থ হইতে বিশ্বনাথ এই সিদ্ধান্ত

গ্রহণ করিয়াছেন কিংবা উহা তাঁহার নিজেরই সিদ্ধান্ত, তাহা অনুসন্ধেয়। আমরা দেখিতে পাই, গঙ্গেশ ও তৎপরবর্ত্তী নৈয়ায়িকগণের গ্রন্থে এই সিদ্ধান্তটী স্থান পাইয়াছে। ন্যায়দর্শনে কোন সময় সর্ব্বপ্রথমে এই সিদ্ধান্তটী প্রবেশ লাভ করিয়াছিল, তাহার মীমাংসা করা সুকঠিন। বৌদ্ধদর্শনে নির্ব্বিকল্পক জ্ঞানের প্রত্যক্ষতা স্বীকৃত হইয়াছে। নৈয়ায়িক ও বৈশেষিকগণ ইহার প্রতিবাদ করিয়াছেন, যুক্তির সহিত এই সিদ্ধান্ত খণ্ডিত হইয়াছে। ইঁহাদের মতে নির্ব্বিকল্পক জ্ঞান প্রকারতাশূন্য। উহা প্রমা কিংবা ভ্রম, তাহা অবধারণ করা যায় না। বাচস্পতিমিশ্র জয়ন্তস্বামী, উদ্দ্যোতকর গঙ্গেশ উপাধ্যায় ও ন্যায়-কন্দলীকার শ্রীধরের গ্রন্থে এই সম্বন্ধে বহু আলোচনা আছে। আমরা মুক্তাবলীগ্রন্থে যোগাচারসিদ্ধান্তের যথেষ্ট বিচার দেখিতে পাই। জ্ঞানাতিরিক্ত জ্ঞেয় পদার্থের স্বীকার না করিলে পদার্থতত্ত্বের সম্যক্ জ্ঞান হয় না। 'সিদ্ধান্তমুক্তাবলী' পাঠে এই সিদ্ধান্ত সম্যক্‌রূপে বুঝা যাইতে পারে। ক্ষণিকবাদী বৌদ্ধগণ এই তত্ত্বে প্রবেশ করিতে না পারিয়াই 'ক্ষণিকং ক্ষণিকং শূন্যং শূন্যং' * বলিয়া শূন্যবাদ সংস্থাপন করিতে প্রয়াস পাইয়াছেন। ফলতঃ নৈয়ায়িকগণ দৃঢ়ভিত্তির উপরে প্রত্যক্ষ প্রমাণ সংস্থাপন করিয়া গিয়াছেন। কিন্তু ইন্দ্রিয়-কণকারণে প্রত্যক্ষজ্ঞানের উপলব্ধি হয়। সাংখ্যদর্শনে কতিপয় বাধকের উল্লেখ করা হইয়াছে তদ্‌যথা—

"অতিদূরাৎ সামীপ্যাদিন্দ্রিয়ঘাতান্মনোঽনবস্থানাৎ।
সৌক্ষ্ম্যাদ্‌ব্যবধানাদভিভবাৎ সমানাভিহারাচ্চ॥"
(সাংখ্যকারিকা—৭)

অর্থাৎ অতিদূরত্ব, অতিসামীপ্য, ইন্দ্রিয়ের অভিঘাত, অমনোযোগ, সূক্ষ্মতা, ব্যবধান, অভিভব ও সমানাভিহরণ-প্রভৃতি-নিবন্ধন বস্তুর সম্যক্ উপলব্ধি হয় না। অতিদূরত্বনিবন্ধন উপলব্ধির অভাব-সম্বন্ধে উদাহরণের প্রয়োজন নাই। অতি-সামীপ্যসম্বন্ধে সহজ উদাহরণ এই যে, স্বীয় নয়নের অঞ্জন কাহারও দর্শনগোচর হয় না। ইন্দ্রিয়াভিঘাতের উদাহরণ বধির ও অন্ধ প্রভৃতি। অমনোযোগসম্বন্ধে সন্নিবেশ বলিবার প্রয়োজন নাই। সূক্ষ্মতার দৃষ্টান্ত এই যে, ধূম, বাষ্প ও নীহারের পরমাণুসকল আকাশে অবস্থিত থাকিলেও সূক্ষ্মতানিবন্ধন ঐ সকল

* বুদ্ধ্যা বিচিন্ত্যমানানাং স্বভাবো নাবধার্য্যতে।
স্বতো নিরভিলাপ্যাস্তে সৎস্বভাশ্চ দেশিতাঃ॥
সর্ব্বং দুঃখং দুঃখং ক্ষণিকং ক্ষণিকং স্বলক্ষণং স্বলক্ষণং শূন্যং শূন্যম্।

পদার্থ আমাদের দৃষ্টিগোচর হয় না। ব্যবধান,—প্রাচীরাদির ব্যবহিত পদার্থ আমরা দেখিতে পাই না। অভিভব,—বাহ্য কোন পদার্থের প্রভাবে ইন্দ্রিয়াদি অভিভূত হইলে প্রত্যক্ষের ব্যাঘাত হইয়া থাকে। যেমন সূর্য্যের প্রখর কিরণে দর্শনেন্দ্রিয় অভিভূত হওয়ায় দিবাভাগে তারকাদি দৃষ্ট হয় না। সমানাভিহরণের দৃষ্টান্ত এই যে, মুদ্গরাশির মধ্যে একটী মুদ্গ নিক্ষিপ্ত হইলে সেটীকে চিনিতে পারা যায় না।

এইরূপে প্রত্যক্ষের বাধা হইয়া থাকে। নৈয়ায়িকগণ অনুমান প্রমাণেরই যথেষ্ট প্রাধান্য দেখাইয়া গিয়াছেন। অনুমান প্রমাণের উৎকর্ষ স্থাপনই ন্যায়শাস্ত্রের মুখ্যতম গৌরব। ভাষাপরিচ্ছেদে এই বিচার ন্যায়শাস্ত্র হইতেই গৃহীত হইয়াছে।

ভট্টাচার্য্য শ্রীবিশ্বনাথ ন্যায়পঞ্চানন ভাষাপরিচ্ছেদে সংক্ষিপ্ত পদার্থ সমূহের উল্লেখ ও ব্যাখ্যা করিয়া পাঠার্থীদিগের মহোপকার সাধন করিয়াছেন। এই গ্রন্থখানি রীতিমত অধীত হইলে মহর্ষি কণাদপরিচিন্তিত পদার্থতত্ত্ববিজ্ঞানের (Physics) এবং (Psycophysics) কর্ম্ম জানিতে পারা যায়। অপিচ তৎসহ মহর্ষি গৌতমের ন্যায়দর্শনেরও (Logic এবং Metaphysics) বহুল জ্ঞান উপলব্ধ হয়। দ্রব্য (Substance), গুণ (Quality), কর্ম্ম (Action), জাতি (Generality বা genus) বিশেষ (Particularity), সমবায় (Intimate relation বা concretion) ও অভাব (Negation বা non-existence) এই সপ্ত পদার্থের বিচারে এই বিশাল বিশ্বব্রহ্মাণ্ডস্থিত যাবতীয় পদার্থের জ্ঞান হয় এবং এতদ্ব্যতীত কাল (Time) দিক্ (Space) দেহী (Soul) এবং মনঃপ্রভৃতি পদার্থ বিষয়েও জ্ঞান লাভ করা যায়। ঈশ্বর দেহী বা আত্মপদার্থের অন্তর্ভুক্ত। গুণের বিচারই পদার্থ বিজ্ঞান (Physical science) এবং মনোবিজ্ঞানের (Psychology) প্রধানতম কার্য্য। ভাষাপরিচ্ছেদে ও ইহার টীকা মুক্তাবলীতে এ সম্বন্ধে প্রাথমিক শিক্ষা, প্রদত্ত হইয়াছে। রূপ (Colour Visibility), রস, গন্ধ, স্পর্শ (Tangibility), সংখ্যা, পরিমিতি (Magnitude), পৃথকৃত্ব, সংযোগ (Conjunction), বিভাগ (Disjunction), পরত্ব, অপরত্ব, বুদ্ধি, সুখ, দুঃখ, ইচ্ছা, দ্বেষ যত্ন ও গুরুত্ব (Gravity), দ্রবত্ব (Fluidity), স্নেহ (Viscidity), সংস্কার, (Self Productive Quality বা Elasticity), শব্দ (Sound), অদৃষ্ট (Unseen) এই সমস্ত গুণ মহর্ষি কণাদের বৈশেষিকসূত্র হইতে গৃহীত হইয়াছে। সিদ্ধান্তমুক্তাবলীতে ইহাদের পৃথক্ পৃথক্ বিচার পরিলক্ষিত হয়।

পরমাণু (Atcm) ও গতি (Motion বা Velocity) প্রভৃতি বহু বিষযেব আলোচনাও এই গ্রন্থে দেখিতে পাওয়া যায়। এই সকল গুণের মধ্যে, সুখ, দুঃখ, ইচ্ছা, দ্বেষপ্রভৃতির আলোচনা মনোবিজ্ঞান (Psycology) সম্মত।

উৎক্ষেপণাদি কর্ম্মে সত্তাভিন্ন যে জাতি থাকে, তাহাই কর্ম্মত্ব। কর্ম্ম পাঁচ প্রকার—উৎক্ষেপণ, অবক্ষেপণ, আকুঞ্চন, প্রসারণ ও গমন।

যে পদার্থ অনেক পদার্থে সমবাযসম্বন্ধে অবস্থিত ও নিত্য তাহাব নাম সামান্য বা জাতি। সংযোগগুণের নিত্যতা না থাকায় উহা অনেক বস্তুতে সমবেত হইযাও জাতি মধ্যে পরিগণিত নহে। জলীয় পরমাণুর রূপ এবং আকাশের মহৎ পরিমাণ যদিও নিত্য এবং সমবেত, তথাপি ইহারা অনেকে সমবেত না থাকায় সামান্য বা জাতি মধ্যে পরিগণিত হয় না। পরা অপরা ভেদে জাতি দুই প্রকার।

গুণ এবং কর্ম্মভিন্ন এক একটীমাত্র দ্রব্যে সমবেত পদার্থের নাম বিশেষ। বিশেষ পদার্থ স্বীকার করা হয় কেন? ইহার যুক্তি এই যে, সমবেত পরমাণুদ্বয় হইতে আরম্ভ করিযা ঘট-শরাবাদি পর্য্যন্ত সাবয়ব দ্রব্য সকলের তত্তদবয়বভেদে পরস্পর ভেদ হইতে পারে। এইরূপ নিরবয়ব এক জাতীয় অসমবেত পরমাণু-দ্বয়ের পরস্পর ভেদও অবশ্যই কোন না কোন ধর্ম্মদ্বারা সম্পাদিত হইযা থাকে। মুদ্গ ও মাষের আরম্ভক পরমাণু অবশ্যই ভিন্ন এবং এই ভিন্নতার পরিচাযক কোনও ধর্ম্ম উহাদের মধ্যে অবশ্যই আছে, সেই ভেদক ধর্ম্মই বিশেষ।

অবযবে অবয়বী, দ্রব্যে গুণ ও কর্ম্ম, দ্রব্য, গুণ ও কর্ম্মে জাতি এবং পরমাণু প্রভৃতি নিত্য দ্রব্যে বিশেষপদার্থ যে সম্বন্ধে অবস্থিতি করে, তাহার নাম সমবায। যেমন—বস্ত্র তন্তুতে, দ্রব্যে গুণ ইত্যাদি।

অভাব সাধারণতঃ দুই প্রকার, সংসর্গাভাব ও অন্যোন্যাভাব। সম্বন্ধের অভাবই সংসর্গাভাবনামে খ্যাত। সংসর্গাভাব তিন ভাবে বিভক্ত, প্রাগভাব, ধ্বংসাভাব ও অত্যন্তাভাব। বস্তু উৎপন্ন হইবার পূর্ব্বে তাহার যে অভাব অনুভূত হয়, তাহার নাম প্রাগভাব, উৎপন্ন বস্তু নষ্ট হইলে তাহার যে অভাব অনুভূত হয় তাহার নাম ধ্বংসাভাব, অত্যন্তাভাব সর্ব্বদাই অনুভূত হইযা থাকে, ইহা কোন কালাপেক্ষ নহে, যেমন ঘটে চৈতন্য নাই ইত্যাদি।

অন্যোন্যাভাবের অর্থ এইরূপ:—অন্যোন্যের অর্থাৎ পরস্পরের যে অভাব। যেমন ঘট পট নহে পটও ঘট নহে। অন্যোন্যাভাবের অপর নাম ভেদ। ঘট পট হইতে অন্য দ্রব্য, পটও ঘট হইতে অন্য দ্রব্য।

'ভাষাপরিচ্ছেদ' গ্রন্থে এই সপ্ত পদার্থের বিশেষ আলোচনা করা হইয়াছে।

'সিদ্ধান্তমুক্তাবলী' টীকার গ্রন্থকার বিশ্বনাথ এই সকল বিষয়ের সবিস্তর বিবৃতি করিয়াছেন। সেই সকল বিবৃতি নব্য ন্যায়ের বাগ্‌বৈদগ্ধীতে আলোচিত হইয়াছে।

ভাষাপরিচ্ছেদকার ত্রিবিধ কারণের উল্লেখ করিয়াছেন, তদ্‌যথা—সমবায়ী, অসমবায়ী ও নিমিত্ত কারণ। যে সকল কপালাদি কারণে ঘট প্রভৃতি অবয়বী কার্য্যসকল সমবায়সম্বন্ধে অবস্থান করে, তাহাদিগকে সমবায়ী কারণ বলে। যেমন ঘট ও পটের প্রতি যথাক্রমে কপালদ্বয় ও তন্তুসমূহ সমবায়ী কারণ। যে সকল কারণ উক্ত সমবায়ী কারণগুলিতে সমবেত থাকে, তাহাদিগকে অসমবায়ী কারণ বলে। যেমন কপালদ্বয় ও তন্তুসমূহের সংযোগ যথাক্রমে ঘট ও পটকার্য্যের প্রতি অসমবায়ী কারণ। সমবায়ী ও অসমবায়ী কারণদ্বয়ব্যতিরেকে যে সকল অবান্তর কারণ বা উপাদান কার্য্যসমাপনান্তে তাহাতে লিপ্ত থাকে না, সেই সকল কারণের নাম নিমিত্ত কারণ। পাশ্চাত্ত্য দর্শনেও চতুর্ব্বিধ কারণ স্বীকৃত হইয়াছে। *

কার্য্য-কারণ সম্বন্ধ-বিচার ন্যায়দর্শনের এক গৌরবজনক কার্য্য। অন্যান্য দর্শনে কারণতত্ত্ব সম্বন্ধে যেরূপ আলোচনা করা হইয়াছে, তদপেক্ষা ন্যায়দর্শনের কারণতত্ত্ব অধিকতর পাণ্ডিত্যপূর্ণ ও যুক্তিযুক্ত। বিজ্ঞানের সিদ্ধান্তে স্থিরীকৃত হইয়াছে যে, গতিই (motion) এই বিশ্বতত্ত্বের কারণ। ন্যায়দর্শনে যদিও সাক্ষাৎ সম্বন্ধে গতিকে কারণ বলিয়া নির্দ্ধারিত করা হয় নাই, তথাপি এই গতি নিমিত্ত-কারণের অন্তর্ভুক্ত হইয়াছে। কিন্তু ন্যায়শাস্ত্রে গতিকে কর্ম্মের অন্তর্গত করা হইয়াছে। আধুনিক পাশ্চাত্ত্য বিজ্ঞান গতিকেই কারণ বলিয়া নির্দ্দেশ

* There are three causes :—

1. The cause of aggregation or material cause, as the material cause of cloth.

2. The proximate cause or the actual union of parts which are to form a compound.

3. The instrumental cause viz cause by which this union is effected.

This is similar to the doctrine of Aristotle who admitted four causes :—a material cause, a moving cause, a formal cause and an end cause. The instrumental cause includes Aristotle's formal, moving and end causes.

করেন। জাগতিক ব্যাপারে যে কিছু পরিবর্ত্তন ঘটিতেছে গতিই তাহার কারণ। একটা ক্রিয়া অপর ক্রিয়ার কারণরূপে প্রতিভাত হইয়া থাকে। এইরূপে রাসায়নিক (Chemical) জৈব (Animal) এবং আধ্যাত্মিক (Psychical) কারণপরম্পরা বিশ্ব ব্রহ্মাণ্ডে পরিলক্ষিত হয়। ন্যায়শাস্ত্রের কারণতত্ত্বের ধারণা অতীব কঠিন ব্যাপার।

বৈশেষিক মতে প্রমাণ দুই প্রকার—প্রত্যক্ষ ও অনুমান। প্রত্যক্ষ প্রমাণ ছয় প্রকার—চাক্ষুষ, ঘ্রাণ, রাসন, শ্রৌত্র, ত্বাচ ও মানসিক। ন্যায় মতে প্রত্যক্ষ, অনুমান, উপমান, ও শব্দ এই চতুর্ব্বিধ প্রমাণ স্বীকৃত হইয়াছে। বৈশেষিক-সম্প্রদায় উপমানকে অনুমানের অন্তর্ভূত করিয়া লইয়াছেন। ইঁহারা স্বার্থ ও পরার্থ ভেদে দুই প্রকাব অনুমানের উল্লেখ করেন। অর্থাপত্তি, বাস্তব ও ঐতিহ্য প্রমাণ বৈশেষিকমতে অনুমানেরই অন্তর্গত। শব্দপ্রমাণ জ্ঞানবিশেষ বলিয়া অভিহিত হইয়াছে।

কারণ ও ব্যাপার এই দুইটিও নব্যন্যাযের পরিভাষায় যথেষ্ট ব্যবহৃত হইয়া থাকে। যে কারণ কোন একটি ব্যাপারের সাহায্যে কার্য্য করে, তাহারই নাম কবণ। যে পদার্থ তজ্জন্য হইযা তজ্জন্যের জনক হয়, সে তাহার ব্যাপার। যেমন, "কুঠারদ্বারা বৃক্ষ ছেদন করিতেছে" এখানে বৃক্ষ ও কুঠারের যে সংযোগ, ইহাকেই ব্যাপার বুঝিতে হইবে। যেহেতু ঐ সংযোগ কুঠাবজন্য এবং কুঠারজন্য ছেদনের জনক (কারণ) হইয়াছে। কুঠারকে ব্যাপাবযুক্ত কারণ বুঝিতে হইবে। বিষয়ের সহিত ইন্দ্রিয়ের যে প্রত্যাসত্তি বা সন্নিকর্ষ বা সংযোগ বা সম্বন্ধ ঘটে উহা ইন্দ্রিয়ের ব্যাপার, ইহাই প্রত্যক্ষের হেতু। ইন্দ্রিযগণ এই ব্যাপারশালী বলিয়া প্রত্যক্ষের প্রতি করণ। ভাষাপরিচ্ছেদে লৌকিক সন্নিকর্ষ ছয প্রকার বলিয়া উল্লিখিত হইযাছে। উদ্ভূত রূপ ও মহত্ব বহির্দ্রব্য ও তদ্‌গত ক্রিয়া গুণাদির প্রত্যক্ষের কারণ। উত্তপ্ত পাত্রে অঙ্গুলি স্পৃষ্ট হইলে উহা দগ্ধ হয়। উত্তপ্ত পাত্রে বহ্নি আছে, ইহা অবশ্যই স্বীকার্য্য, কিন্তু ঐ বহ্নির রূপ উদ্ভূত নহে; এজন্য উহাকে দেখিতে পাওয়া যায না। পরমাণুর অস্তিত্ব স্বীকার্য্য, কিন্তু উহাতে মহত্ত্ব নাই বলিযা উহা, প্রত্যক্ষীভূত হয় না। এক শ্রেণীর ইউরোপীয় পণ্ডিত বলেন—দ্রব্যের প্রত্যক্ষ হয় না, কিন্তু দ্রব্যস্থ গুণের মাত্র প্রত্যক্ষ হয়। কণাদমতে বস্তুরও প্রত্যক্ষ হয়, কেননা বস্তুটী কেবল গুণসমষ্টি নহে, উহা গুণাতিরিক্ত পদার্থ। বস্তু গুণের আধার। বস্তু নষ্ট হইলেও উহার গুণের নাশ নাই, সুতরাং বস্তু পৃথক্ পদার্থ। দীর্ঘ বস্ত্র পরিধান করা হয়, কিন্তু দৈর্ঘ্য পরিধান করা হয় না। শুক্ল ঘট ও পীত ঘট দর্শনের সময়ে কেবল শুক্লতা বা

পীতত্বার জ্ঞান হয় না, তৎসঙ্গে সঙ্গে উক্ত ঘটাকার দ্রব্যেরও অনুভব হয়। ধর্ম্মের ন্যায় ধর্ম্মীর এবং গুণের ন্যায় গুণীর অনুভব সিদ্ধ ও স্বাভাবিক। অবয়বী দ্রব্য স্বীকার করাও নব্য ন্যায়দর্শনের একটী প্রধানতম সিদ্ধান্ত। অবয়বী স্বীকার না করিলে দ্রব্যের অনন্ত রূপের অনুভব হইত না। পরমাণু অতীন্দ্রিয়, সুতরাং পরমাণুপুঞ্জ কখনও চক্ষুর বিষয় হইতে পারে না। পরমাণুতে মহত্ত্ব নাই, মহত্বের সহায়তাভিন্ন দর্শনেন্দ্রিয়শক্তি কার্য্য করিতে সমর্থ নহে। এই সকল কারণে অবয়বী স্বীকৃত হইয়াছে। বৌদ্ধমতে অদৃশ্য পরমাণুপুঞ্জ হইতে দৃশ্য পরমাণুপুঞ্জের উৎপত্তি স্বীকৃত হইয়াছে। কিন্তু নৈয়ায়িকগণ উক্ত যুক্তিতে এই সিদ্ধান্ত খণ্ডন করিয়াছেন। অলৌকিক সন্নিকর্ষ তিন প্রকার—সামান্যলক্ষণ, জ্ঞানলক্ষণ ও যোগজ। ভাষাপরিচ্ছেদে ও সিদ্ধান্তমুক্তাবলীতে ইহারও যথেষ্ট আলোচনা করা হইয়াছে।

অনুমিতির আলোচনা নব্য ন্যায়ের প্রধানতম গৌরব। ভাষাপরিচ্ছেদ ও সিদ্ধান্তমুক্তাবলীতে এই বিষয়ের অতি সূক্ষ্ম বিচার ও বিস্তৃত আলোচনা আছে। সাধ্য, হেতু, ব্যাপ্তি, পক্ষ, সপক্ষ, ও বিপক্ষ প্রভৃতির উপরে অনুমান জ্ঞানের বিচার নির্ভর করে। আমরা পূর্ব্বেই বলিয়াছি—অনুমিতিই ন্যায়দর্শনের এক প্রধানতম গৌরব, এই অনুমিতি দ্বারাই আত্ম-তত্ত্বজ্ঞান লাভ হয় এই অনুমিতিই আন্বীক্ষিকী বিদ্যার বীজমন্ত্র। ন্যায়ের উপপত্তি ব্রহ্মজ্ঞানের সহায়, তাই শাস্ত্রকারগণ বলেন—"মন্তব্যশ্চোপপত্তিভিঃ"। ভাষাপরিচ্ছেদ ও সিদ্ধান্তমুক্তাবলী গ্রন্থ পাঠ করিলে এই অনুমিতি-জ্ঞানের প্রথম শিক্ষা লাভ করা যাইতে পারে।

এদেশে ন্যায় ও বৈশেষিক দর্শনের যে যথেষ্ট আলোচনা হইয়াছিল, ন্যায় ও বৈশেষিকদর্শনসম্বন্ধীয় গ্রন্থের গবেষণায় তাহার যথেষ্ট প্রমাণ পাওয়া যায়।

অস্পৃষ্ট বা ঈষৎস্পৃষ্ট ব্যাকরণ, ছাত্রের ন্যায়শাস্ত্রপ্রচলিত সাধ্য বুঝিবার জন্য নিম্নলিখিত ভণিতাটী রচিত হইয়াছিল, যথা—

"বান্ মান্ বর্জ্জিয়া, সাধ্য আন গর্জ্জিয়া।
যদি না থাকে বান্ মান্ 'ত্ব' চড়াইয়া সাধ্য আন্॥"

"বহ্নিমান্ ধূমাৎ" এস্থলে 'মান্' পরিত্যাগ করিলে 'বহ্নি' থাকিলে ইহাই সাধ্য হইল। "দ্রব্যং সত্ত্বাৎ" এস্থলে দ্রব্যত্ব সাধ্য হইয়াছে। বস্তুতঃ এরূপ এক সময় গিয়াছে, যখন এদেশে ব্রাহ্মণপণ্ডিতসমাজে ঘরে ঘরে ন্যায় পড়া হইত।

'ভাষাপরিচ্ছেদ' গ্রন্থ সর্ব্বপ্রথম "পাবলিক্ ইনষ্ট্রাক্শন্" কমিটির কর্ত্তৃত্বে ১৮২৭ সালে এদেশে মুদ্রিত হয়। অতঃপর বঙ্গানুবাদ ও সিদ্ধান্তমুক্তাবলীসহ

ইহার অপর সংস্করণ প্রকাশিত হয়। সম্ভবতঃ ১৮২৭ হইতে ১৮৪০ সালের মধ্যে এই পুস্তক মুদ্রিত হইয়াছিল। সেই সকল অনুবাদ জটিল ও দুর্ব্বোধ হওয়ায় তদ্দ্বারা শিক্ষার্থীবর্গের বিশেষ ফলোদয় হয় নাই। অনেক সহৃদয় ব্যক্তির পরামর্শে ও অনুরোধে আমরাও অনুবাদ এবং 'সিদ্ধান্তমুক্তাবলী' টীকাসহিত ভাষাপরিচ্ছেদের এই সংস্করণ প্রচার করিলাম, কৃতকার্য্য কতদূর হইযাছি. তাহা বলিবার ভাব অনুগ্রাহক গ্রাহকগণেব উপর থাকিল। আমার চিরশুভানুধ্যায়ী পরমবন্ধু বৈষ্ণবচূড়ামণি শ্রীযুক্ত রসিকমোহন বিদ্যাভূষণ মহাশয় এই গ্রন্থের ভূমিকাংশে ও প্রাণোপম প্রিয়তম ছাত্র শ্রীমান্ দ্বারকানাথ কাব্যতীর্থ ন্যায়শাস্ত্রী অনুবাদাংশে অসীম সাহায্য করিযাছেন, এ উপকার চিরস্মরণীয়।

শক ১৮৩২,
১৫ই শ্রাবণ

আশ্রব—শ্রীগুরুনাথ শর্ম্মা

ভাষাপরিচ্ছেদ-বিষয় সূচী

বিষয়াঃ			বিষয়াঙ্কাঃ
মঙ্গলাচরণম্	....	....	১
পদার্থবিভাগঃ	....	....	২
দ্রব্যবিভাগঃ	....	....	৩
গুণবিভাগঃ	....	....	৪
কর্ম্মবিভাগঃ	....	....	৫
জাতিনিরূপণম্	....	....	৬
সত্তাজাতি-বিবেকঃ	....	....	৭
বিশেষ-পদার্থনিরূপণম্	....	....	৮
সমবায়সম্বন্ধকথনম্	..	...	৯
অভাবকথনম্	...	....	১০
পদার্থানাং সাধর্ম্ম্যবৈধর্ম্ম্যকথনম্	....	...	১০—১২
কারণলক্ষণাদিনিরূপণম্	....	....	১৩—১৪
অন্যথাসিদ্ধিপ্রভৃতিকথনম্	...	....	১৫
নিত্যদ্রব্যভিন্নানামাশ্রিতত্বকথনম্	....	....	১৬
সাধর্ম্ম্যবৈধর্ম্ম্যনির্ণয়ঃ	...	....	১৭— ২২
বিশেষগুণনির্দ্দেশঃ	....	....	
পবনাদীনাং গুণনিরূপণম্	....	....	২৩
পৃথিবীনিরূপণম্	....	....	২৪
জলনিরূপণম্	....	....	২৫
তেজোনিরূপণম্	....	....	২৬
বায়ুনিরূপণম্	....	....	২৭
আকাশনিরূপণম্	....	....	২৮
কালনিরূপণম্	....	....	২৯
দিগ্‌নিরূপণম্	....	....	৩০
আত্মনিরূপণম্	....	....	৩১
বুদ্ধি (জ্ঞান) বিবরণম্	....	....	৩২— ৩৩
প্রত্যক্ষবিবরণম্	....	....	৩৪ – ৪৭
অনুমিতিবিবরণম্	....	....	৪৮—৫৮
উপমিতিবিবরণম্	....	....	৫৯
শাব্দবোধবিবরণম্	....	....	৬০—৬৪
মনোনিরূপণম্	....	....	৬৫
মনসোঽণুত্বনির্ণয়ঃ	....	....	৬৫
রূপাদিবিবরণম্	....	....	৬৬—৬৮
শব্দোপমানয়োঃ পৃথক্‌প্রামাণ্যখণ্ডনম্	....	....	৬৯

বিষয়াঃ	বিষয়াঙ্কাঃ
অনুমানস্য ত্রৈবিধ্যম্	৯০
অর্থাপত্তেঃ প্রমাণান্তরতাখণ্ডনম্	৯১
সুখনিরূপণম্	৯২
দুঃখনিরূপণম্	৯৩
ইচ্ছাদিগুণনিরূপণম্	৯৪—১০০
সংস্কারনিরূপণম্	১০১
অদৃষ্টনিরূপণম্	১০২
শব্দবিবরণম্	১০৩

পারিভাষিক-শব্দসমূহাদি-সূচী

বিষয়	পৃষ্ঠা
প্রতিযোগিতা ও অনুযোগিতা	১২৩
অবচ্ছেদক	ঐ
অবচ্ছিন্ন	ঐ
বৃত্তি	ঐ
অধিকরণ	১২৪
নিরূপক ও নিরূপ্য	ঐ
প্রকার	ঐ
সম্বন্ধ	ঐ
তাদাত্ম্যসম্বন্ধ	১২৫
পর্য্যাপ্তিসম্বন্ধ	ঐ
লক্ষণ	ঐ
বিভাগ	১২৬
বিধপ্রত্যয়ার্থ	ঐ
অব্যবহিতপ্রাক্ক্ষণত্ব	ঐ
অব্যবহিতোত্তরক্ষণত্ব	১২৭
ব্যাপকত্ব	ঐ
সামানাধিকরণ্য	১২৮
অব্যাপ্যত্ব	ঐ
বিষয়িত্ব ও বিষয়ত্ব	ঐ
ধর্ম্ম	ঐ

"সিদ্ধান্তমুক্তাবলী" টীকাসহিত-

সানুবাদ—

ভাষাপরিচ্ছেদঃ।

——***——

নমো গণেশায়।

নূতনজলধররুচয়ে, গোপবধূটীদুকূলচৌরায়।
তস্মৈ কৃষ্ণায় নমঃ, সংসারমহীরুহস্য বীজায়॥ (১) *

অথ সিদ্ধান্তমুক্তাবলী—

চূড়ামণীকৃতবিধুর্ব্বলয়ীকৃতবাসুকিঃ।
ভবো ভবতু ভব্যায় লীলাতাণ্ডবপণ্ডিতঃ॥

নিজনির্ম্মিতকারিকাবলী:—মতিসংক্ষিপ্তচিরন্তনোক্তিভিঃ।
বিশদীকরবাণি কৌতুকাৎ, নন্থু রাজীবদয়াবশংবদঃ॥

সদ্‌দ্রব্যা গুণগুম্ফিতা সুকৃতিনাং সৎকর্ম্মণাং জ্ঞাপিকা,
সৎসামান্যবিশেষনিত্যমিলিতা ভাবপ্রকর্ষোজ্জ্বলা।
বিষ্ণোর্ব্বক্ষসি বিশ্বনাথকৃতিনা সিদ্ধান্তমুক্তাবলী,
বিন্যস্তা মনসো মুদং বিতনুতাং সদ্‌যুক্তিরেষা চিরম্॥

১। বিঘ্নবিঘাতায় কৃতং মঙ্গলং শিষ্যশিক্ষায়ৈ নিবধ্নাতি—নূতনেত্যাদি। নন্থু মঙ্গলং ন বিঘ্নধ্বংসং প্রতি ন বা সমাপ্তিং প্রতি কারণং, বিনাপি মঙ্গলং নাস্তিকাদীনাং গ্রন্থে নির্ব্বিঘ্নপরিসমাপ্তিদর্শনাদিতি চেন্ন, অবিগীত-

* উৎসৃষ্টতোয়কভিন্নত্বে সতি তোয়োৎসর্গোন্মুখমেঘত্বং নূতনজলধরত্বম্। নূতনজলধরো নবীনমেঘঃ তস্য রুচিঃ কান্তিরিব রুচির্যস্য তস্মৈ, গোপানাং বধূট্যঃ যুবতয়ঃ তাসাং দুকূলানি চিত্তানি বস্ত্রাণি বা চোরয়তি যঃ তস্মৈ। 'অল্পা বধূর্ব্বধূটী স্যাৎ' 'দুকূলং চিত্তবস্ত্রয়ো'রিতি চামরঃ। অথবা গোপা রক্ষিতা বধূটী দ্রৌপদী দুকূলচৌরেভ্যো দুঃশাসনাদিভ্যো যেন তস্মৈ। অথবা গাং পান্তি রক্ষন্তি ইতি গোপাঃ রাজানঃ পাণ্ডবাঃ, তেষাং বধূট্যাঃ দুকূলচৌরায় মনোহারিণে। তস্মৈ প্রসিদ্ধায়, সংসার এব মহীরুহঃ বৃক্ষঃ তস্য বীজায় নিমিত্তকারণায় কৃষ্ণায় নমঃ।

শিষ্টাচারবিষয়ত্বেন মঙ্গলস্য সফলত্বে সিদ্ধে, তত্র চ ফলজিজ্ঞাসায়াং, সম্ভবতি দৃষ্টফলকত্বেঽদৃষ্টফলকল্পনায়া অন্যায্যত্বাৎ উপস্থিতত্বাচ্চ সমাপ্তিরেব ফলং কল্প্যতে। ইত্থঞ্চ, যত্র মঙ্গলং ন দৃশ্যতে তত্রাপি জন্মান্তরীয়ং তৎ কল্প্যতে, যত্র চ সত্যপি মঙ্গলে সমাপ্তির্ন দৃশ্যতে, তত্র বলবত্তরো বিঘ্নো বিঘ্নপ্রাচুর্য্যং বা বোধ্যম্। প্রচুরস্যৈব বলবত্তরবিঘ্ননিরাকরণ-কারণত্বং, বিঘ্নধ্বংসস্তু মঙ্গলস্য দ্বারমিত্যাহুঃ প্রাঞ্চঃ। নব্যাস্তু মঙ্গলস্য বিঘ্নধ্বংস এব ফলং, সমাপ্তিস্তু বুদ্ধিপ্রতিভাদিকারণকলাপাৎ। ন চৈবং স্বতঃসিদ্ধবিঘ্নবিরহবতা কৃতমঙ্গলস্য নিষ্ফলত্বাপত্তিরিতি বাচ্যম্ ইষ্টাপত্তেঃ, বিঘ্নাশঙ্কয়া তদাচরণাৎ, তথৈব শিষ্টাচারাৎ। ন চ তস্য নিষ্ফলত্বে তদ্বোধকশিষ্টাচারানুমিতবেদাপ্রামাণ্যাপত্তিরিতি বাচ্যম্, সতি বিঘ্নে তন্নাশস্যৈব বেদবোধিতত্বাৎ। অতএব পাপভ্রমেণ কৃতপ্রায়শ্চিত্তস্য নিষ্ফলত্বেঽপি ন তদ্বোধকবেদাপ্রামাণ্যম্। মঙ্গলন্তু বিঘ্নধ্বংসবিশেষে কারণং, বিঘ্নধ্বংসবিশেষে চ বিনায়কস্তবপাঠাদি। ক্বচিচ্চ বিঘ্নাত্যন্তাভাব এব সমাপ্তিসাধনং প্রতিবন্ধকসংসর্গাভাবস্যৈব কার্য্যজনকত্বাৎ। ইত্থঞ্চ নাস্তিকাদিকৃতগ্রন্থেষু জন্মান্তরীয়মঙ্গলজন্যদুরিতধ্বংসঃ স্বতঃসিদ্ধবিঘ্ন-ত্যন্তাভাবো বাস্তীতি ন ব্যভিচার ইত্যাহুঃ।

সংসারেতি—সংসার এব মহীরুহো বৃক্ষস্তস্য বীজায় নিমিত্তকারণা-য়েত্যর্থঃ, এতেন ঈশ্বরে প্রমাণমপি দর্শিতং ভবতি। তথাহি যথা ঘটাদিকার্য্যং কর্ত্তৃজন্যং তথা ক্ষিত্যঙ্কুরাদিকমপি, ন চ তৎকর্ত্তৃত্বমস্মদা-দীনাং সম্ভবতীত্যতস্তৎকর্ত্তৃত্বেনেশ্বরসিদ্ধিঃ। ন চ শরীরাজন্যত্বেন কর্ত্র-জন্যত্বসাধকেন সৎপ্রতিপক্ষ ইতি বাচ্যম্ অপ্রযোজকত্বাৎ। মম তু কর্ত্তৃত্বেন কার্য্যত্বেন কার্য্যকারণভাব এব অনুকূলস্তর্কঃ, "দ্যাবাভূমী জনয়ন্ দেব একো বিশ্বস্য কর্ত্তা ভুবনস্য গোপ্তা" ইত্যাদয় আগমা অপ্যনুসন্ধেয়াঃ॥

১। যিনি নবীন জলধরের ন্যায় কমনীয়কান্তি, গোপবধূদিগের চিত্তের অথবা বসনের তস্কর এবং সংসারবৃক্ষের বীজস্বরূপ, সেই ভগবান্ শ্রীকৃষ্ণের উদ্দেশে প্রণাম॥

গ্রন্থকার নির্ব্বিঘ্নে গ্রন্থ পরিসমাপ্ত হইবার জন্য ভগবান্ শ্রীকৃষ্ণের প্রণাম করিয়া "গুরুর দৃষ্টান্তে শিষ্যেরাও এইরূপ করিবে" এই অভিপ্রায়ে গ্রন্থের

প্রথমে নমস্কার-বাক্য নিবদ্ধ করিয়াছেন। "নূতনজলধররুচয়ে" এই বিশেষণদ্বারা ঈশ্বর সাকার ইহা প্রদর্শিত হইল, নিরাকার পদার্থের কান্তি অসম্ভব। "সংসার-মহীরুহস্য বীজায়" এই বিশেষণদ্বারা ঈশ্বরের অস্তিত্ব বিষয়ে প্রমাণ প্রযুক্ত হইয়াছে। কার্য্যমাত্রেরই একজন কর্ত্তা থাকে; যেরূপ ঘটাদি কার্য্য, তাহার কর্ত্তা কুম্ভকার; এইরূপ ক্ষিতিও কার্য্য, তাহারও এক জন কর্ত্তা অবশ্যই আছে; সেই কর্ত্তা হওয়া সাধারণের অসম্ভব, যেহেতু উৎপত্তি ও বিনাশ আছে, অতএব যিনি ক্ষিতিপ্রভৃতির কর্ত্তা তিনিই ঈশ্বর। অনুমানের আকার—"ক্ষিতিঃ সকর্ত্তৃকা কার্য্যত্বাৎ ঘটবৎ"। এবং—"সর্গাদ্যকালীনদ্ব্যণুক-প্রযোজকং কর্ম্ম প্রযত্নজন্যং কর্ম্মত্বাৎ" ইত্যাদি অনুমান দ্বারা প্রযত্নাশ্রয়রূপে ঈশ্বরের সিদ্ধি হয়॥

দ্রব্যং গু[ণ]ণা*স্তথা কর্ম্ম সামান্যং সবিশেষকম্।
সমবায়স্তথাঽভাবঃ পদার্থাঃ † সপ্ত কীর্ত্তিতাঃ॥ (২)

২। পদার্থানামুদ্দেশমাহ—দ্রব্যং গুণা ইত্যাদি। অত্র সপ্তম-স্যাভাবত্বকথনাদেব ষণ্ণাং ভাবত্বং প্রাপ্তং তেন ভাবত্বেন পৃথগুপন্যাসো ন কৃতঃ এতে চ পদার্থা বৈশেষিকপ্রসিদ্ধা নৈয়ায়িকানামপি অবিরুদ্ধাঃ প্রতিপাদিতঞ্চৈবমেব ভাষ্যে, অতএব উপমানচিন্তামণৌ সপ্তপদার্থভিন্নতয়া শক্তিসাদৃশ্যাদীনামতিরিক্তপদার্থত্বমাশঙ্কিতম্। ননু কথমেত এব পদার্থাঃ শক্তিসাদৃশ্যাদীনামপ্যতিরিক্তপদার্থত্বাৎ। তথাহি মণ্যাদিসমবহিতেন বহ্নিনা দাহো ন জন্যতে, তচ্ছূন্যেন তু জন্যতে, তত্র মণ্যাদিনা বহ্নৌ দাহানুকূলা শক্তির্নাশ্যতে উত্তেজকেন মণ্যাদ্যপসারণেন চ জন্যত ইতি কল্প্যতে। এবং সাদৃশ্যমপ্যতিরিক্তঃ পদার্থঃ, তদ্ধি ন ষট্‌সু ভাবেষ্বন্তর্ভবতি

---

* দ্রব্যমিত্যাদৌ জাত্যাবেকবচনম্। মীমাংসকমতে গুণগতজাতের-নঙ্গীকারাৎ 'গুণা' ইতি বহুবচনম্।

† সংযোগাপেক্ষয়া কর্ম্মণো নাতিরিক্তত্বমিতি ভূষণমতং নিরাকর্ত্তুমুক্তং—তথেতি, যথা গুণঃ দ্রব্যাদতিরিক্তঃ পদার্থঃ তথা কর্ম্মাপি। অভাবো-ঽধিকরণস্বরূপ এব ন তু পদার্থান্তরমিতি প্রাভাকরমতং নিরসিতুমুক্তং পুনস্তথেতি।

পদার্থাঃ ইত্যস্য পদার্থাবচ্ছেদকধর্ম্মা ইত্যেবার্থঃ, দ্রব্যমিত্যাদৌ ভাবপ্রধান-নির্দ্দেশেন দ্রব্যত্বমর্থঃ, অতঃ পদার্থানামানন্ত্যেঽপি ন সপ্তত্বকীর্ত্তনব্যাঘাতঃ।

সামান্যেঽপি সত্বাৎ, যথা গোত্বং নিত্যং তথা অশ্বত্বমপীতি সাদৃশ্যপ্রতীতেঃ নাপ্যভাবঃ সত্ত্বেন প্রতীয়মানত্বাদিতি চেন্ন মণ্যাদ্যভাববিশিষ্ট-বহ্ন্যাদের্দাহাদিকং প্রতি স্বাতন্ত্র্যেণ মণ্যভাবাদেরেব বা হেতুত্বং কল্প্যতে, অনেনৈব সামঞ্জস্যে অনন্তশক্তিতৎপ্রাগভাবধ্বংসকল্পনানৌচিত্যাৎ। ন চোত্তেজকে সতি [মণি]প্রতিবন্ধকসদ্ভাবেঽপি কথং দাহ ইতি বাচ্যম্, উত্তেজকাভাববিশিষ্টমণ্যভাবস্য [মণিসামান্যাভাবস্য] হেতুত্বাৎ। সাদৃশ্যমপি ন পদার্থান্তরং, কিন্তু তদ্ভিন্নত্বে সতি তদ্গতভূয়োধর্ম্মবত্ত্বং, যথা চন্দ্রভিন্নত্বে সতি চন্দ্রগতাহ্লাদকত্বাদিমত্ত্বং মুখে চন্দ্রসাদৃশ্যমিতি।

২। দ্রব্য, গুণ, কর্ম্ম, জাতি, বিশেষ, সমবায় ও অভাব এই সাতটী পদার্থ। তন্মধ্যে দ্রব্যপ্রভৃতি ছয়টী ভাবপদার্থ, অপরটী অভাব। জগতের যাবতীয় পদার্থই এই সপ্ত পদার্থের অন্তর্ভূত।

ক্ষিত্যপ্তেজোমরুদ্ব্যোমকালা দিগ্দেহিনৌ মনঃ।
দ্রব্যা(৩)ণ্যথ গুণা রূপং রসো গন্ধস্ততঃ পরম্॥

৩। দ্রব্যাণি বিভজতে—ক্ষিত্যবিতি। ক্ষিতিঃ পৃথিবী, আপো জলানি, তেজো বহ্নিঃ, মরুৎ বায়ুঃ, ব্যোম আকাশঃ, কালঃ সময়ঃ, দিক্ আশা, দেহী আত্মা, মনঃ, এতানি নব দ্রব্যাণি ইত্যর্থঃ। নন্বু দ্রব্যত্বজাতৌ কিং মানম্? নহি তত্র প্রত্যক্ষং প্রমাণং ঘৃতজতুপ্রভৃতিষু [পামরাণাং] দ্রব্যত্বাগ্রহাৎ [জাতিপ্রত্যক্ষে আশ্রয়স্যৈকরূপতায়া হেতুত্বাৎ] ইতি চেন্ন কার্য্যসমবায়িকারণতাবচ্ছেদকতয়া, সংযোগস্য বিভাগস্য বা সমবায়িকারণতাবচ্ছেদকতয়া চ দ্রব্যত্বজাতিসিদ্ধিরিতি। নন্বু দশমং দ্রব্যং তমঃ কুতো নোক্তং, তদ্ধি প্রত্যক্ষেণ গৃহ্যতে, তস্য চ রূপবত্বাৎ কর্ম্মবত্বাচ্চ দ্রব্যত্বম্। তচ্চ গন্ধশূন্যত্বাৎ ন পৃথিবী, নীলরূপবত্বাচ্চ ন জলাদিকং, তৎপ্রত্যক্ষে চালোকনিরপেক্ষং চক্ষুঃ কারণম্ ইতি চেন্ন আবশ্যকতেজোঽভাবত্বেনৈবোপপত্তৌ দ্রব্যান্তরকল্পনায়া অন্যায্যত্বাৎ। রূপবত্তাপ্রতীতিস্তু ভ্রমরূপা কর্ম্মবত্বপ্রতীতিরপি আলোকাপসারণৌপাধিকী ভ্রান্তিরেব, তমসোঽতিরিক্তদ্রব্যত্বেঽনন্তাবয়বাদিকল্পনাগৌরবঞ্চ স্যাৎ। স্বর্ণস্য যথা তেজস্যন্তর্ভাবস্তথা বক্ষ্যতে।

৩। ক্ষিতি, জল, বায়ু, আকাশ, কাল, দিক্, আত্মা ও মন এই নয়টী দ্রব্য। যাহাতে গুণ আছে তাহাকে দ্রব্য বলে। মীমাংসকমতে অন্ধকারও একটি অতিরিক্ত দ্রব্য, কিন্তু নৈয়ায়িকগণ তাহা স্বীকার করেন না; তাঁহারা আলোকাভাবকেই অন্ধকার বলেন; সুতরাং উহা অভাব পদার্থের অন্তর্ভূত। সংযোগের বা বিভাগের কারণতাবচ্ছেদকত্বরূপে দ্রব্যত্বের জাতিত্ব সিদ্ধি হয়॥

স্পর্শঃ সংখ্যা পরিমিতিঃ পৃথক্ত্বঞ্চ ততঃ পরম্।
সংযোগশ্চ বিভাগশ্চ পরত্বঞ্চাপরত্বকম্॥
বুদ্ধিঃ সুখং দুঃখমিচ্ছা দ্বেষো যত্নো গুরুত্বকম্।
দ্রবত্বং স্নেহসংস্কারাবদৃষ্টং * শব্দ এব চ॥ (৪)

৩। গুণান্ বিভজতে—অথ গুণা ইতি। এতে গুণাশ্চতুর্বিংশতি-সংখ্যাকাঃ কণাদেন কণ্ঠতঃ, চশব্দেন চ দর্শিতাঃ। তত্র গুণত্বাদিকজাতি-সিদ্ধিরগ্রে বক্ষ্যতে॥

৮। রূপ, রস, গন্ধ, স্পর্শ, সংখ্যা, পরিমাণ, পৃথক্ত্ব, সংযোগ, বিভাগ, পরত্ব, অপরত্ব, বুদ্ধি, সুখ, দুঃখ, ইচ্ছা, দ্বেষ, যত্ন, গুরুত্ব, দ্রবত্ব, স্নেহ, সংস্কার, ধর্ম্ম অধর্ম্ম ও শব্দ এই ২৪টী গুণ॥

দ্রব্য ও কর্ম্ম ভিন্ন জাতিমৎপদার্থকে গুণ বলে. গুণত্ব জাতি কারণতা মাত্রই কোনও একটী ধর্ম্মাবচ্ছিন্ন হয়, সুতরাং গুণনিষ্ঠ কারণতাও কোন ধর্ম্মাবচ্ছিন্ন; সেই ধর্ম্মই গুণত্ব, "দ্রব্যকর্ম্মভিন্নে সামান্যবতি যা কারণতা সা কিঞ্চিদ্ধর্ম্মাবচ্ছিন্না কারণত্বাৎ" ইত্যাদি অনুমান দ্বারা গুণত্বের জাতিত্ব সিদ্ধি হয়। ইহা গুণনিরূপণ-বিষয়ে মুক্তাবলীতে মীমাংসিত হইয়াছে।

উৎক্ষেপণং ততোঽবক্ষেপণমাকুঞ্চনং তথা।
প্রসারণঞ্চ গমনং কর্ম্মাণ্যেতানি পঞ্চ চ॥
ভ্রমণং রেচনং স্যন্দনোর্দ্ধজ্বলনমেব চ।
তির্য্যগ্গমনমপ্যত্র গমনাদেব লভ্যতে॥ (৫)

৫। কর্ম্মাণি বিভজতে—উৎক্ষেপণমিতি। কর্ম্মত্বজাতিস্তু প্রত্যক্ষ-সিদ্ধা এবমুৎক্ষেপণত্বাদিকমপি। নন্বত্র ভ্রমণাদিকমপি পৃথক্ কর্ম্ম অধিকতয়া কুতো নোক্তমত আহ—ভ্রমণমিত্যাদি।

---

* জন্যমাত্রং প্রতি অদৃষ্টস্য হেতুতয়া প্রাধান্যেন অদৃষ্টস্য ধর্ম্মাধর্ম্মরূপস্য দ্বিধৈব নিবেশাৎ চতুর্ব্বিংশতি (২৪) সংখ্যকত্বম্।

৫। উৎক্ষেপণ, অবক্ষেপণ, আকুঞ্চন, প্রসারণ ও গমন এই ৫টী কর্ম্ম। ভ্রমণ, রেচন, স্পন্দন, ঊর্দ্ধজ্বলন ও বক্রগমন ইহারা গমনেরই অন্তর্ভূত। ঊর্দ্ধদেশ-সংযোগানুকূল-ব্যাপারানুকূল ক্রিয়াকে (উপরের দিকে ছোড়াকে) উৎক্ষেপণ, ঊর্দ্ধদেশভিন্ন-দেশসংযোগানুকূল-ব্যাপারানুকূল ক্রিয়াকে, (ঊর্দ্ধভিন্ন অন্য দিকে ছোড়াকে) অবক্ষেপণ, বিস্তৃত বস্তুর একত্র করার নাম আকুঞ্চন, বস্তুর বিস্তার করার নাম প্রসারণ এবং উত্তরদেশসংযোগানুকূল ব্যাপারকে গমন বলে। যদি উৎক্ষেপণ প্রভৃতিও লোষ্ট্রাদির গমনেরই অন্তর্ভূত হইয়া পড়ে, তথাপি উৎক্ষিপতি অবক্ষিপতি ইত্যাদি ব্যবহার চেতন বস্তুতেই হয়, অচেতন পদার্থে হয় না, সুতরাং লোষ্ট্রাদিনিষ্ঠ ঊর্দ্ধদেশসংযোগানুকূল যে ব্যাপার (গতি) তদনুকূল চেতন ব্যাপারই উৎপূর্ব্বক ক্ষিপ ধাতুর অর্থ বলিতে হয়। সুতরাং গমন ও উৎক্ষেপণ পৃথক্ হইল। কর্ম্মত্ব উৎক্ষেপণত্ব প্রভৃতি জাতি প্রত্যক্ষসিদ্ধ। কর্ম্ম চারি ক্ষণের অধিক থাকে না। কর্ম্মের প্রতি বেগ অসমবায়ি কারণ, কর্ম্ম সংযোগবিশেষ ও বিভাগের অসমবায়ি কারণ এবং বেগেরও কারণ, অথচ স্বয়ং বেগজন্য।

সামান্যং দ্বিবিধং প্রোক্তং পরঞ্চাপরমেব চ।
দ্রব্যাদিত্রিকবৃত্তিস্তু সত্তা পরতয়োচ্যতে॥
পরভিন্না চ যা জাতিঃ সৈবাঽপরতয়োচ্যতে।
দ্রব্যত্বাদিকজাতিস্তু পরাপরতয়োচ্যতে॥
ব্যাপকত্বাৎ পরাপি স্যাৎ ব্যাপ্যত্বাদপরাপি চ॥ (৬)

৬। সামান্যং নিরূপয়তি— সামান্যমিতি। তল্লক্ষণন্তু নিত্যত্বে সতি অনেকসমবেতত্বম্। অনেকসমবেতত্বং সংযোগাদীনামপ্যস্তি অত উক্তং— নিত্যত্বে সতীতি। নিত্যত্বে সতি সমবেতত্বং গগনপরিমাণাদী-নামপ্যস্তি, অত উক্তম্— অনেকেতি। নিত্যত্বে সতি অনেকবৃত্তিত্ব-মত্যন্তাভাবেঽপ্যস্তি, অতো বৃত্তিত্বসামান্যং বিহায় সমবেতত্বমিত্যুক্তম্। একমাত্রব্যক্তিবৃত্তিস্তু ন জাতিঃ। তথা চোক্তম্—

"ব্যক্তেরভেদস্তুল্যত্বং সঙ্করোঽথানবস্থিতিঃ।
রূপহানিরসম্বন্ধো জাতিবাধকসংগ্রহঃ॥"*

* ব্যক্তেরভেদ ইত্যাদি মুক্তাবলী। আকাশত্বং নানেকবৃত্তি, অতো ন তস্য জাতিত্বম্। ভূতত্বমূর্ত্তত্বয়োঃ সঙ্কীর্ণত্বান্ন জাতিত্বং, সঙ্কীর্ণত্বং হি স্বসামানাধিকরণ্য

[একব্যক্তিকত্বাদাকাশত্বং ন জাতিঃ, তুল্যব্যক্তিকত্বাৎ ঘটত্বং কলসত্বং ন জাতিদ্বয়ং, সঙ্কীর্ণত্বাৎ ভূতত্বং মূর্ত্তত্বং ন জাতিঃ, অনবস্থাভয়াৎ সামান্যত্বং ন জাতিঃ, বিশেষস্য ব্যাবৃত্তস্বভাবস্য রূপহানিঃ স্যাৎ অতো বিশেষত্বং ন জাতিঃ, সমবায়সম্বন্ধাভাবাৎ সমবায়ো ন জাতিঃ ॥]

দ্রব্যত্বাদীতি। পরত্বম্ অধিকদেশবৃত্তিত্বম্, অপরত্বম্ অল্পদেশ-বৃত্তিত্বম্। সকলজাত্যাপেক্ষয়াঽধিকদেশবৃত্তিত্বাৎ সত্তায়াঃ পরত্বম [এতদ্বোধনায়ৈব দ্রব্যাদিত্রিকবৃত্তিরিত্যুক্তম্] তদপেক্ষয়া চান্যাসাং জাতীনামপরত্বম্ [পরভিন্না সত্তাভিন্না ব্যাপকত্বাদিতি] পৃথিবী-ত্বাদ্যপেক্ষয়া দ্রব্যত্বস্য অধিকদেশবৃত্তিত্বাৎ ব্যাপকত্বাৎ পরত্বং, সত্তাপেক্ষয়া অল্পদেশবৃত্তিত্বাৎ ব্যাপ্যত্বাৎ [অল্পদেশবৃত্তিত্বাৎ] অপরত্বম্। [তথাচ ধর্ম্মদ্বয়সমাবেশাদুভয়মবিরুদ্ধম্] ॥

৬। জাতি দ্বিবিধ—পরা ও অপরা। দ্রব্য, গুণ ও কর্ম্ম এই তিন পদার্থে স্থিত সত্তানামক জাতিকে কেবল পরা জাতি বলে। পরা (সত্তা) ভিন্ন জাতিকে অপরা বলে। দ্রব্যত্ব গুণত্ব প্রভৃতি জাতিকে পরা ও অপরা দুই বলে। দ্রব্যত্বাদি জাতি পৃথিবীত্বাদি অপেক্ষা অধিক দেশে থাকে বলিয়া পরা এবং সত্তা অপেক্ষা অল্পদেশে থাকে বলিয়া অপরা হয়।

স্বয়ং নিত্য (ধ্বংস ও প্রাগভাবের অপ্রতিযোগী) হইয়া যে পদার্থ সমবায় সম্বন্ধে অনেকে থাকে তাহাকে জাতি বলে, "ধ্বংস ও প্রাগভাবের

স্বাভাববদ্বৃত্তিস্বসমানাধিকরণাভাবপ্রতিযোগিত্ব-এতত্ত্রিতয়সম্বন্ধেন ধর্ম্মবিশিষ্টত্বম। তথাচ পৃথিব্যাদৌ সামানাধিকরণস্য আকাশমনসোঃ স্বাভাববদ্বৃত্তিত্ব-স্বসমানাধিকরণাভাবপ্রতিযোগিত্বয়োঃ সত্বাৎ ভূতত্বমূর্ত্তত্বয়োঃ সঙ্কীর্ণত্বম পৃথিবীত্বজলত্বয়োঃ সাঙ্কর্য্যবারণায় স্বসামানাধিকরণ্যদলম্। ঘটত্বাভাববতি পটাদৌ ঘটে চ পৃথিবীত্বাদের্বৃত্তেঃ পৃথিবীত্বস্য ঘটত্বেন সহ সঙ্কীর্ণত্ববারণায় স্ব-সমানাধিকরণাভাবপ্রতিযোগিত্বদলম্। তথাচ ঘটনিষ্ঠাভাবপ্রতিযোগিত্বস্য পৃথিবীত্বাদাবসত্বাৎ ন সাঙ্কর্য্যম্। ঘটে স্বসামানাধিকরণস্য পটে স্বসামানাধি-করণাভাবপ্রতিযোগিত্বস্য ঘটত্বে সত্বাৎ পৃথিবীত্বেন সহ ঘটত্বস্য সাঙ্কর্য্যবারণায় স্বাভাববদ্বৃত্তিত্বদলম্। বিশেষত্বস্য জাতিত্বস্বীকারে তদেব বিশেষাণাং ব্যাবর্ত্তকং স্যাৎ স্বতো ব্যাবৃত্তত্বঞ্চ স্যাৎ স্বতো ব্যাবৃত্তত্বঞ্চ ন স্যাৎ, অতো ন তস্য জাতিত্বম।

অপ্রতিযোগী” এই স্থলে কেবল ধ্বংসের অপ্রতিযোগী বা কেবল প্রাগভাবের অপ্রতিযোগী এই মাত্র বলিলেও জাতি লক্ষণে কোন দোষ হয় না। বিনিগমনা-বিরহপ্রযুক্তই উভয়ের উপাদান। জাতিগত পরত্বও আপেক্ষিক। যে জাতি যে জাতি অপেক্ষা অধিক বস্তুতে থাকে, তাহাকে তজ্জাতি অপেক্ষা পরা এবং যাহা অল্পদেশে থাকে তাহাকে অপরা বলে। যেরূপ সত্তা সকল জাতি অপেক্ষা অধিকদেশে থাকে, এই কারণে সত্তাকে কেবল পরা জাতি বলা হয়। দ্রব্যত্ব, গুণত্ব প্রভৃতি সত্তা অপেক্ষা অল্প দেশে থাকে, সুতরাং সত্তা অপেক্ষা অপরা। পৃথিবীত্ব, অপত্ব প্রভৃতি অপেক্ষা অধিক দেশে থাকে বলিয়া পরাও হয়। ঘটত্ব প্রভৃতি জাতি সর্ব্বাপেক্ষা অল্পদেশে থাকে, সুতরাং কেবল অপরা হয়।

অন্ত্যো নিত্যদ্রব্যবৃত্তির্বিশেষঃ পরিকীর্ত্তিতঃ ॥ (৭) ॥*

৭। বিশেষং নিরূপয়তি—অন্ত্য ইতি। অন্তে অবসানে মহাপ্রলয়সময়ে বর্ত্ততে ইত্যন্ত্যঃ, যদপেক্ষয়া বিশেষো নাস্তীত্যর্থঃ একমাত্রবৃত্তিরিতি ফলিতার্থঃ। ঘটাদীনাং দ্ব্যণুকপর্য্যন্তানাং তত্তদবয়বভেদাৎ পরস্পরং ভেদঃ, পরমাণূনাং পরস্পরভেদকো বিশেষ এব, স তু স্বত এব ব্যাবৃত্তঃ, তেন তত্র বিশেষান্তরাপেক্ষা নাস্তীতি ভাবঃ ॥

৭। যাহা স্বয়ং নিত্য সমবায় সম্বন্ধে নিত্য দ্রব্যে থাকে তাহা বিশেষ। অবয়বিদ্রব্যের অবয়বগুলিই পরস্পর ভেদ সাধন করে, কিন্তু নিরবয়ব পরমাণুর ভেদসাধক কে? যদি ভেদসাধক কেহ না থাকে, তবে যে জাতীয় পরমাণু হইতে যবের উৎপত্তি হয়, তাহা হইতে মাষেরও উৎপত্তি হইতে পারে, এই বিশৃঙ্খলাবারণার্থ ‘বিশেষ’ পদার্থ স্বীকার করিতে হয়। এবং সমগুণ দিক্ কালেরও ভেদসাধক অন্য কেহ নাই, এই নিমিত্ত নিত্য দ্রব্য মাত্রেই ‘বিশেষ’ স্বীকার করা হইয়াছে।

---

*। মনঃক্রিয়ায়াং ব্যভিচারবারণায় নিত্যার্থকমন্ত্যপদম্। ঘটত্বাদৌ ব্যভিচারবারণায় নিত্যপদম্। জ্ঞানত্বাদৌ ব্যভিচারবারণায় দ্রব্যপদম্। কালিকসম্বন্ধেন ঘটত্বাদের্নিত্যদ্রব্যে মহাকালে বৃত্তেরতিব্যাপ্তিবারণায় সমবায়সম্বন্ধেন বৃত্তিত্বং বোধ্যম্। তথাপি আত্মত্বগগনপরিমাণাদৌ ব্যভিচারঃ, তদ্বারণায় নিত্যদ্বয়াবৃত্তিত্বং গুণভিন্নত্বঞ্চ বিশেষণং দেয়ম্। তথাচ অন্ত্যঃ নিত্যদ্রব্যবৃত্তিঃ নিত্যদ্বয়াবৃত্তিঃ গুণভিন্নো বিশেষঃ। ইতি বিশেষলক্ষণম্।

ঘটাদীনাং কপালাদৌ দ্রব্যেষু গুণকর্ম্মণোঃ।
তেষু জাতেশ্চ সম্বন্ধঃ সমবায়ঃ প্রকীর্ত্তিতঃ॥ (৮)*

৮। সমবায়ং দর্শয়তি—ঘটাদীনামিতি। অবয়বাবয়বিনোঃ, জাতি-ব্যক্ত্যোঃ, গুণগুণিনোঃ, ক্রিয়াক্রিয়াবতোঃ নিত্যদ্রব্যবি.শষয়োশ্চ যঃ সম্বন্ধঃ স সমবায়ঃ। সমবায়ত্বং নিত্যসম্বন্ধত্বং; তত্র প্রমাণন্তু গুণ-ক্রিয়াদিবিশিষ্টবুদ্ধির্বিশেষণবিশেষ্যসম্বন্ধবিষয়া বিশিষ্টবুদ্ধিত্বাৎ দণ্ডী পুরুষ ইতি বিশিষ্টবুদ্ধিবৎ ইত্যনুমানে সংযোগাদিবাধাৎ সমবায়সিদ্ধিঃ। ন চ স্বরূপসম্বন্ধেন সিদ্ধসাধনম্ অর্থান্তরং বা, অনন্তস্বরূপাণাং সম্বন্ধত্বকল্পনে গৌরবাৎ, লাঘবাদেকসমবায়সিদ্ধিঃ। ন চ সমবায়স্যৈকত্বে বায়ৌ রূপ-বত্তাবুদ্ধিপ্রসঙ্গঃ তত্র রূপসমবায়সত্ত্বেঽপি রূপাভাবাৎ। ন চৈবম্ অভাবস্য বৈশিষ্ট্যং সম্বন্ধান্তরং সিধ্যেদিতি বাচ্যং, তস্য নিত্যত্বে ভূতলে ঘটানয়নানন্তরমপি ঘটাভাববুদ্ধিপ্রসঙ্গাৎ ঘটাভাবসম্বন্ধস্য তত্র সত্ত্বাৎ তস্য নিত্যত্বাৎ অন্যথা দেশান্তরেঽপি তৎপ্রতীতির্ন স্যাৎ বৈশিষ্ট্যস্য চ তত্র সত্ত্বাৎ। মম তু [মতে] ঘটে পাকরক্ততাদশায়াং শ্যামরূপস্য নষ্টত্বাৎ ন তদ্বত্তাবুদ্ধিঃ, বৈশিষ্ট্যস্যানিত্যত্বে তু অনন্তবৈশিষ্ট্যকল্পনে তবৈব গৌরবম্। ইত্থঞ্চ তত্তৎকালীনতত্তদ্ভূতলাদিকং তত্তদভাবানাং সম্বন্ধঃ॥

৮। কপালাদিতে (অবয়বে) ঘটাদির (অবয়বীর), দ্রব্যে গুণ ও ক্রিয়ার, দ্রব্য গুণ এবং ক্রিয়াতে জাতির ও নিত্যদ্রব্যে বিশেষের যে সম্বন্ধ, তাহাকে সমবায় বলে। মূলের এই লক্ষণ সমবায়ের পরিচায়ক মাত্র। নিত্য সম্বন্ধকেই সমবায় বলে। অনন্তস্বরূপ কল্পনা করা অপেক্ষা এক সমবায় স্বীকারে লাঘব হয়, এই নিমিত্ত 'সমবায' সম্বন্ধ স্বীকৃত হইয়াছে। যে পদার্থদ্বয়ের মধ্যে একটি পদার্থ অপরকে আশ্রয় করিয়া অবস্থান করে, তাহাদিগকে অযুতসিদ্ধ বলে, অযুতসিদ্ধের যে সম্বন্ধ তাহাকে সমবায় বলে। ইহা পরমত॥

* জাতেশ্চেতি চকারাৎ নিত্যদ্রব্যবিশেষাণাং মতভেদে স্বত্বস্বামিত্বয়োশ্চ যঃ সম্বন্ধঃ সোঽপি সমবায় ইতি লভ্যতে। নিত্যসম্বন্ধত্বং সমবায়ত্বমিত্যুক্তৌ দ্রব্যত্বা-ভাবাদীনাং স্বাত্মকরূপসম্বন্ধেঽতিব্যাপ্তিঃ, অতস্তদ্বারণায় সম্বন্ধিভিন্নত্বে সতীতি বিশেষণং দেয়ম্। তথাচ দ্রব্যত্বাভাবাদীনাং সম্বন্ধিত্বান্নাতিব্যাপ্তিঃ। যয়োরেক-মপরাশ্রিতমবতিষ্ঠতে তাবযুতসিদ্ধৌ তয়োঃ সম্বন্ধঃ সমবায় ইতি পরমতম্।

অভাবস্তু দ্বিধা সংসর্গান্যোন্যাভাবভেদতঃ।
প্রাগভাবস্তথা ধ্বংসোঽপ্যত্যন্তাভাব এব চ॥
এবং ত্রৈবিধ্যমাপন্নঃ সংসর্গাভাব ইষ্যতে॥ (৯) *

৯। অভাবং বিভজতে—অভাবস্ত্বিতি। অভাবত্বং দ্রব্যাদিষট্কান্যোন্যাভাববত্ত্বম্। সংসর্গেতি—সংসর্গাভাবান্যোন্যাভাব-ভেদাদিত্যর্থঃ। অন্যোন্যাভাবস্যৈকবিধত্বাৎ তদ্বিভাগাভাবাৎ সংসর্গাভাবং বিভজতে—প্রাগভাব ইতি। সংসর্গাভাবত্বম্ অন্যোন্যাভাবভিন্নাভাবত্বম্, অন্যোন্যাভাবত্বং তাদাত্ম্যসম্বন্ধাবচ্ছিন্ন প্রতিযোগিতাকাভাবত্বং, বিনাশ্যভাবত্বং প্রাগভাবত্বং, জন্যাভাবত্বং ধ্বংসত্বং, নিত্যসংসর্গাভাবত্বম্ অত্যন্তাভাবত্বম্। যত্র তু ভূতলাদৌ ঘটাদিকমপসারিতং পুনরানীতঞ্চ, তত্র ঘটকালস্য সম্বন্ধাঘটকত্বাৎ অত্যন্তাভাবস্য নিত্যত্বেঽপি ঘটকালে ন ঘটাত্যন্তাভাববুদ্ধিঃ। তত্র উৎপাদবিনাশশালী চতুর্থোঽয়মভাব ইতি কেচিৎ। অত্র ধ্বংসপ্রাগভাবয়োরধিকরণে নাত্যন্তাভাব ইতি প্রাচাং মতম্। শ্যামঘটে রক্তো নাস্তি রক্তঘটে শ্যামো নাস্তীতি ধীশ্চ প্রাগভাবং ধ্বংসঞ্চাবগাহতে, ন তু তদত্যন্তাভাবং তয়োর্ব্বিরোধাৎ। নব্যাস্তু তত্র বিরোধে মানাভাবাৎ ধ্বংসাদিকালাবচ্ছেদেনাপ্যত্যন্তাভাবো বর্ত্তত ইতি প্রাহুঃ। নন্বস্তু অভাবানামধিকরণাত্মকত্বং লাঘবাদিতি চেন্ন অনন্তাধিকরণকল্পনাপেক্ষয়া অতিরিক্তকল্পনায়া এব লঘীয়স্ত্বাৎ, এবঞ্চ আধারাধেয়ভাবোঽপ্যুপপদ্যতে। এবঞ্চ তত্তচ্ছব্দগন্ধরসাদ্যভাবানাং প্রত্যক্ষত্বমুপপদ্যতে. অন্যথা তত্তদধিকরণানাং তত্তদিন্দ্রিয়াগ্রাহ্যত্বাৎ

* অভাবানাম্ অধিকরণরূপত্বে বায়ৌ রূপাভাবস্য প্রত্যক্ষং ন স্যাৎ, প্রতিযোগিগ্রাহকেন্দ্রিয়েণৈব অভাবস্য প্রত্যক্ষত্বনিয়মাৎ। তথাচ রূপং চক্ষুর্গ্রাহ্যং তদভাবোঽপি চক্ষুর্গ্রাহ্যঃ বায়ুস্তু ন তথা, তৎকথং বায়ুস্বরূপস্য রূপাভাবস্য প্রত্যক্ষম্? ন চ বাচ্যং প্রত্যক্ষমেবাস্ত, তথা সতি অন্ধানামপি নীলপীতাদিরূপাভাবস্য অন্ধকারগৃহাদৌ তু সর্ব্বেষামেব রূপাভাবস্য করস্পর্শাদিনা প্রত্যক্ষত্বাপত্তিঃ, কিং বহুনা প্রতিযোগিগ্রাহকেন্দ্রিয়েণ অভাবস্য প্রত্যক্ষত্বস্বীকারে স্বাদগ্রহণমন্তরাপি রসবতি রসবিশেষাভাবস্য স্পর্শং বিনাপি স্পর্শবিশেষাভাবস্য চ প্রত্যক্ষং স্যাৎ।

প্রত্যক্ষত্বং ন স্যাৎ। এতেন জ্ঞানবিশেষকালবিশেষাদ্যাত্মকত্বম্-[ভাস্তা] ভাবস্যেতি প্রত্যুক্তম্ অপ্রত্যক্ষত্বাপত্তেঃ।

৯। অভাব দ্বিবিধ,—সংসর্গাভাব ও অন্যোন্যাভাব। সংসর্গাভাব ত্রিবিধ, যথা—প্রাগভাব, ধ্বংসাভাব ও অত্যন্তাভাব। ভাবভিন্ন পদার্থকে অভাব বলে। "ঘটো ন" ঘট নহে এই প্রতীতি দ্বারা যে অভাবের বোধ হয়, তাহাকে অন্যোন্যাভাব বলে। অন্যোন্যাভাবের প্রতিযোগিতা কেবল তাদাত্ম্যসম্বন্ধাবচ্ছিন্ন হয়, অন্য কোন সম্বন্ধাবচ্ছিন্ন হয় না। এই নিমিত্ত মুক্তাবলীতে তাদাত্ম্যসম্বন্ধাবচ্ছিন্ন প্রতিযোগিতার নিরূপক অভাবকে 'অন্যোন্যাভাব' বলা হইয়াছে। অন্যোন্যাভাবভিন্ন অভাবকে সংসর্গাভাব কহে। যে অভাবের বিনাশ আছে তাহাকে প্রাগভাব কহে। 'ঘটো ভবিষ্যতি' ঘট হইবে এই প্রতীতি দ্বারা বর্ত্তমান সময়ে ঘটের যে অভাব বোধ হয়, তাহা প্রাগভাব। এই অভাব ঘট উৎপন্ন হইলেই নষ্ট হইয়া যায়।

যে অভাব জন্মে তাহাকে ধ্বংস কহে। ঘটটী নষ্ট হইয়াছে এই প্রতীতি দ্বারা যে অভাবের বোধ হয়, তাহা ধ্বংস। "ঘটো নাস্তি" ঘট নাই এই প্রতীতি দ্বারা যে অভাবের বোধ হয়, তাহাকে অত্যন্তাভাব বলে। অত্যন্তাভাব ও অন্যোন্যাভাব নিত্য। যে বস্তুর অভাব তাহাকে প্রতিযোগী কহে, প্রতিযোগিতা প্রতিযোগীতে থাকে, অভাব প্রতিযোগিতার নিরূপক হয়, প্রতিযোগ্যংশে ভাসমান ধর্ম্ম এবং সম্বন্ধ প্রতিযোগিতাবচ্ছেদক হয়। ব্যাবর্ত্তক ধর্ম্মকে (অর্থাৎ যাহা দ্বারা এক প্রতিযোগিতাকে অন্য প্রতিযোগিতাদি হইতে পৃথক্ বুঝা যায় তাহাকে) অবচ্ছেদক কহে।

যেমন "ঘটঃ সমবায়েন নাস্তি" এই প্রতীতি দ্বারা যে অভাবের বোধ হয়, তাহার প্রতিযোগী ঘট, প্রতিযোগিতাবচ্ছেদক ঘটত্ব, প্রতিযোগিতাবচ্ছেদক সম্বন্ধ সমবায়, প্রতিযোগিতা ঘটে আছে। 'সমবায়েন তদ্ঘটো নাস্তি' এই প্রতীতিবোধ্য অভাবেরও প্রতিযোগিতা ঘটে আছে, অথচ এই অভাব ঘটবদ্দেশে আছে, কিন্তু ঘটসামান্যাভাব ঘটবদ্দেশে থাকে না। অভাবদ্বয়ের প্রতিযোগিতা ব্যাবর্ত্তক ধর্ম্ম দ্বারাই পৃথক প্রতীয়মান হইয়া থাকে। সেই ধর্ম্ম ঘটত্ব (তদ্ব্যক্তিত্ব), উহারাই অবচ্ছেদক। সম্বন্ধবিষয়েও এইরূপ। ধ্বংস এবং প্রাগভাবের প্রতিযোগিতা ধর্ম্ম ও সম্বন্ধাবচ্ছিন্ন হয় না। ধ্বংস ও প্রাগভাব মাত্র সমবায়ী দেশে থাকে। প্রাচীন মতে ধ্বংসপ্রাগভাবাধিকরণে এবং প্রতিযোগ্যধিকরণে অত্যন্তাভাব থাকে না। কেহ কেহ ধ্বংস ও প্রাগভাব প্রতিযোগিতার পূর্ব্বকাল এবং উত্তর কালকে অবচ্ছেদক সম্বন্ধ স্বীকার করিয়াছেন॥

সপ্তানামপি সাধর্ম্ম্যং জ্ঞেয়ত্বাদিকমুচ্যতে ॥ (১০)

১০। ইদানীং পদার্থানাং সাধর্ম্ম্যং বৈধর্ম্ম্যঞ্চ বক্তুং প্রক্রমতে—সপ্তানামিত্যাদি। সমানো ধর্ম্মো যেষাং তে সধর্ম্মাণঃ, তেষাং ভাবঃ সাধর্ম্ম্যং, সমানো ধর্ম্ম ইতি ফলিতার্থঃ। এবং বিরুদ্ধো ধর্ম্মো যেষাং তে বিধর্ম্মাণঃ, তেষাং ভাবঃ বৈধর্ম্ম্যং, বিরুদ্ধো ধর্ম্ম ইতি ফলিতার্থঃ। জ্ঞেয়ত্বং জ্ঞানবিষয়তা, সা চ সর্ব্বত্রৈবাস্তি ঈশ্বরাদিজ্ঞানবিষয়তায়াঃ কেবলান্বয়িত্বাৎ। এবম্ অভিধেয়ত্ব প্রমেয়ত্বাদিকং বোধ্যম্ ॥

১০। জ্ঞেয়ত্ব (জ্ঞানবিষয়তা) বাচ্যত্ব (ঈশ্বরেচ্ছাবিষয়তা) ও প্রমেয়ত্ব (প্রমাজ্ঞানবিষয়তা) প্রভৃতি দ্রব্যাদি সপ্ত পদার্থেরই সাধর্ম্ম্য। সমান ধর্ম্মকে সাধর্ম্ম্য, এবং বিরুদ্ধ ধর্ম্মকে বৈধর্ম্ম্য বলে। জ্ঞেয়ত্বপ্রভৃতি ভিন্ন যাহা একের সাধর্ম্ম্য বলা হইবে, তাহা অপরের বৈধর্ম্ম্য বুঝিতে হইবে, যেরূপ গুণবত্ত্ব দ্রব্যের সাধর্ম্ম্য, কিন্তু গুণাদির বৈধর্ম্ম্য ॥

দ্রব্যাদয়ঃ পঞ্চ ভাবা অনেকে সমবায়িনঃ।
সত্তাবন্তস্ত্রয়স্ত্বাদ্যা গুণাদির্নির্গুণক্রিয়ঃ ॥ ১১।

১১। দ্রব্যেতি। দ্রব্যগুণকর্ম্মসামান্যবিশেষাণাং সাধর্ম্ম্যমনেকত্বং সমবায়িত্বঞ্চ। যদ্যপ্যনেকত্বম্ অভাবেঽপ্যস্তি তথাপ্যনেকত্বে সতি ভাবত্বং পঞ্চানাং সাধর্ম্ম্যং, তথাচ অনেকভাববৃত্তিপদার্থবিভাজকোপাধিমত্ত্বমিতি ফলিতার্থঃ, তেন ঘটাদৌ প্রত্যেকম্ আকাশাদৌ চ নাব্যাপ্তিঃ। সমবায়িত্বঞ্চ সমবায়সম্বন্ধেন সম্বন্ধিত্বং, ন তু সমবায়বত্ত্বং সামান্যাদাবভাবাৎ। [তথাচ সমবেতবৃত্তিপদার্থবিভাজকোপাধিমত্ত্বং ফলিতার্থঃ, তেন নিত্যদ্রব্যেষু নাব্যাপ্তিঃ] সত্তাবন্ত ইতি দ্রব্যগুণকর্ম্মণাং সত্তাবত্ত্বমিত্যর্থঃ। গুণাদিরিতি। যদ্যপি গুণক্রিয়াশূন্যত্বমাদ্যক্ষণে ঘটাদাবতিব্যাপ্তং ক্রিয়াশূন্যত্বঞ্চ গগনাদাবতিব্যাপ্তং তথাপি গুণবদবৃত্তিধর্ম্মবত্ত্বং কর্ম্মবদবৃত্তিপদার্থবিভাজকোপাধিমত্ত্বং তদর্থঃ, নহি ঘটত্বাদিকং দ্রব্যত্বং বা গুণবদবৃত্তি, কর্ম্মবদবৃত্তি বা, কিন্তু গুণত্বাদিকম্। তথা আকাশত্বাদিকন্তু ন পদার্থবিভাজকোপাধিঃ ॥

১১। দ্রব্য, গুণ, কর্ম্ম, সামান্য ও বিশেষ এই পঞ্চ পদার্থের অনেকত্ব-বিশিষ্ট ভাবত্ব এবং প্রতিযোগিত্ব বা অনুযোগিত্ব ইহাদের অন্যতর সম্বন্ধে

সমবায়বত্ত্ব সাধর্ম্ম্য। দ্রব্য, গুণ ও কর্ম্ম এই তিন পদার্থের সত্তাবত্ত্ব সাধর্ম্ম্য। দ্রব্যভিন্ন ছয় পদার্থের নির্গুণত্ব এবং নিষ্ক্রিয়ত্ব সাধর্ম্ম্য॥

সামান্যপরিহীনাস্তু সর্ব্বে জাত্যাদয়ো মতাঃ॥১২॥

১২। সামান্যেতি। সামান্যানধিকরণত্বং সামান্যাদীনামিত্যর্থঃ॥

১২। জাতি প্রভৃতি চারি পদার্থের জাতিশূন্যত্ব সাধর্ম্ম্য॥

পরিমাণ্ডল্যভিন্নানাং কারণত্বমুদাহৃতম্।
অন্যথাসিদ্ধিশূন্যস্য নিয়তা পূর্ব্ববর্ত্তিতা।
কারণত্বং ভবেৎ, তস্য ত্রৈবিধ্যং পরিকীর্ত্তিতম্।
সমবায়িকারণত্বং জ্ঞেয়মথাপ্যসমবায়িহেতুত্বম্॥
এবং ন্যায়নয়জ্ঞৈস্তৃতীয়মুক্তং নিমিত্তহেতুত্বম্।
যৎসমবেতং কার্য্যং ভবতি জ্ঞেয়ন্তু সমবায়িজনকং তৎ।
তত্রাসন্নং জনকং দ্বিতীয়মাভ্যাং পরং তৃতীয়ং স্যাৎ॥

১৩। পরিমাণ্ডল্যেতি। পরিমাণ্ডল্যম্ অণুপরিমাণং কারণত্বং তদ্ভিন্নানামিত্যর্থঃ। অণুপরিমাণং ন তু কস্যাপি কারণং, পরিমাণং তদ্ধি স্বাশ্রয়ারব্ধদ্রব্যপরিমাণারম্ভকং ভবেৎ, তচ্চ ন সম্ভবতি পরিমাণস্য স্বসমানজাতীয়োৎকৃষ্টপরিমাণজনকত্বনিয়মাৎ মহদারব্ধস্য মহত্তরত্ববৎ অণুজন্যস্যাণুতরত্বপ্রসঙ্গাৎ। এবং পরমমহৎপরিমাণম্ অতীন্দ্রিয়সামান্যং বিশেষাশ্চেতি বোধ্যম। ইদমপি যোগিপ্রত্যক্ষে বিষয়স্য ন কারণত্বং

---

* কার্য্যাব্যবহিতপ্রাক্ক্ষণাবচ্ছেদেন কার্য্যসমানাধিকরণাত্যন্তাভাবপ্রতিযোগিতানবচ্ছেদকধর্ম্মবত্ত্বং কারণত্বম্ ইতি তু সামান্যলক্ষণম্। সমবায়িকারণত্বন্তু কার্য্যসমানাধিকরণভেদপ্রতিযোগিতানবচ্ছেদকধর্ম্মবত্ত্বং কার্য্যাধিকরণত্বং সমবায়সম্বন্ধেন স এব কার্য্যতাবচ্ছেদক-সম্বন্ধঃ। তথাচ ঘটকার্য্যং প্রতি কপালস্য সমবায়িকারণত্বং অব্যাহতম্; অসমবায়িকারণলক্ষণে তু প্রতিযোগিত্বং সমবায়সম্বন্ধেন বাচ্যং, স এব কারণতাবচ্ছেদকসম্বন্ধঃ কার্য্যাধিকরণত্বঞ্চ ক্বচিৎ সমবায়সম্বন্ধেন ক্বচিচ্চ স্বসমবায়িসমবায়িত্বসম্বন্ধেন স এব কার্য্যতাবচ্ছেদকসম্বন্ধঃ, নিমিত্তকারণতাবচ্ছেদকসম্বন্ধন্তু কার্য্যকারণভেদেন ভিন্নঃ, তস্মাৎ তত্র পৃথক্ পৃথগেব লক্ষণং বাচ্যম্। কেষাঞ্চিন্মতে সর্ব্বত্র কার্য্যতাবচ্ছেদকসম্বন্ধস্তাদাত্ম্যং কারণতাবচ্ছেদকসম্বন্ধস্তু স্থলানুসারেণোহনীয়ঃ॥

